# Lecture 02

# Art of Translation: Strategies of making long sentences

## Teacher's Work:

- Use of Appositives in Sentence
- Use of Relative Pronouns in Sentence
- Use of Correct Modifier in Sentence
- How to Avoid Dangling Modifier
- How to Use Noun Phrase/Clause in Sentence
- How to Use Adjective Phrase/Clause in Sentence
- Using Noun Phrase as a Subject
- Using Adverb Phrase in Sentence

| Teachers' Work | Translation of Long Sentences (Bengali to English) |
|---|---|

১. সাংস্কৃতিক আন্দোলন বাংলাদেশের মুক্তিসংগ্রামের এক গুরুত্বপূর্ণ ধারা যা ১৯৪৭ পরবর্তী সময় থেকে বঙ্গবন্ধুর নেতৃত্বে সূচনা হয়েছিল এবং সংস্কৃতি ছিল তার প্রাণ।

২. প্রগতিশীল সাংস্কৃতিক সংগঠনগুলো মুক্তিসংগ্রামের ধারাবাহিকতায় সৃষ্টি হয় এবং সাধারণ মানুষের মধ্যে মুক্তবুদ্ধির চর্চা ও অসাম্প্রদায়িক চেতনার বহিঃপ্রকাশ ঘটে যা গণমানুষকে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করার অনুপ্রেরণা যোগায় এবং সে সময়ের সাংস্কৃতিক আন্দোলন ও কর্মকাণ্ডে তার প্রতিফলন দেখতে পাওয়া যায়।

৩. মুদ্রা বাজার ও পণ্য বাজারে অস্থিরতা এখন শেয়ারবাজারেও ছড়িয়ে পড়ার কারণে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা আর্থিক সংকটে পড়েছেন যা ডলারের দামের অস্থিরতা সৃষ্টি করার মধ্য দিয়ে বিদেশি বিনিয়োগকারীদেরকে শেয়ার বিক্রি করতে বাধ্য করছেন এবং এই অবস্থায় বাজারে বড় ধরনের দরপতন হয়েছে।

8. ১৮ থেকে ৫০ বছর বয়সি সব কর্মক্ষম নাগরিকদের জন্য পেনশন ব্যবস্থা বা সর্বজনীন পেনশন ব্যবস্থা প্রবর্তন হলো বাংলাদেশ সরকারের একটি বিশেষ উদ্যোগ যেখানে সরকারি চাকরিজীবীদের বাহিরেও দেশের সাধারণ নাগরিকদেরকে পেনশন ব্যবস্থার আওতায় আনতে যাচ্ছে সরকার।

৫. দেশের বয়স্ক জনগোষ্ঠীকে সুরক্ষা দিতে সরকারের পরিকল্পনা অনুযায়ী আগামী এক বছরের মধ্যে সর্বজনীন পেনশন কর্মসূচি চালু করে এবং ষাটোর্ধ্ব সব নাগরিকের জন্য অবসরকালীন সুবিধা বা পেনশন চালু করার মধ্যদিয়ে বাংলাদেশের ইতিহাসে একটি জনবান্ধব আইন পাশ হতে যাচ্ছে যা প্রাথমিকভাবে স্বেচ্ছাধীন থাকবে যদিও তা পরবর্তী সময়ে বাধ্যতামূলক করা হবে।

৬. বাংলাদেশের প্রায় ২৩ লাখ শ্রমিকের, যার মধ্যে প্রায় ১২.৫ লাখ নারী শ্রমিকের কর্মসংস্থানের উৎস হিসেবে স্বীকৃত, দেশের সবচেয়ে বেশি রপ্তানি আয়ের উৎস, তৈরি পোশাক শিল্প পূর্বের কিছু প্রতিবন্ধকতা ও সীমাবদ্ধতা কাটিয়ে এবং শ্রমিক বান্ধব সুযোগ সুবিধা প্রদান করার মধ্য দিয়ে বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেই চলছে।

৭. ২০১২ সালে রিওডি জেনেরিওতে টেকসই উন্নয়ন শীর্ষক জাতিসংঘ সম্মেলনে প্রথম উত্থাপিত ব্লু-ইকোনোমি বা নীল অর্থনীতির ক্ষেত্রে বাংলাদেশ অত্যন্ত সম্ভাবনাময় একটি দেশ যেখানে সমুদ্রের জলরাশি, সমুদ্র সম্পদ ও সমুদ্রকে ঘিরে গড়ে উঠেছে এক সম্ভাবনাময় বৃহৎ অর্থনীতির দেশ।

৮. দক্ষিণ এশিয়ার দেশগুলো বিশেষ করে বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল ও শ্রীলঙ্কাসহ পৃথিবীর অনেক দেশেই কর্মী সরবরাহ করার মাধ্যমে যে রেমিট্যান্স পাচ্ছে তা তাদের অর্থনীতির চাকাকে সচল রেখেছে এবং এরই ফলাফল হিসেবে অভিবাসী কর্মীদের পরিবারে যেমন ফিরে এসেছে স্বচ্ছলতা তেমনি দেশের অর্থনীতিতে উন্নয়নের প্রভাব পড়েছে।

৯. ব্যাংকের মন্দ ঋণ অবলোপন বিষয়ে সম্প্রতি বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট থেকে প্রকাশিত এক গবেষণাপত্রের তথ্য ও পরিসংখ্যান নিয়ে বিভিন্ন পত্রিকায় বহুবিধ প্রতিবেদন ও মতামত প্রকাশিত হচ্ছে যে, ব্যাংকগুলো অবলোপনের মাধ্যমে মন্দ ঋণ কৌশল আড়াল করার চেষ্ট করছে, আমানতকারীদের স্বার্থ ক্ষুণ্ন করে বেসুমার ঋণ অবলোপন করা হচ্ছে, ঋণ অবলোপন বৃদ্ধি পাওয়ায় দেশের ব্যাংকিং খাত ঝুকির মধ্যে পড়ছে।

১০. ১৯৭১ সালের ২৫ শে মার্চ রাতের অন্ধকারে পাকিস্তানি সামরিক জান্তা ঢাকায় অজস্র নাগরিক, ছাত্র, শিক্ষক, বুদ্ধিজীবী ও পুলিশকে হত্যা করলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে একটি জনযুদ্ধের আদলে মুক্তিযুদ্ধ তথা স্বাধীনতা যুদ্ধের সূচনা ঘটে।

| Students' Work | Translation of Long Sentences (Bengali to English) |
|---|---|

১. ব্যাংকিং খাতে ঢালাও লুটপাটের দুষ্টধারা অব্যাহত থাকায় খেলাপি ঋণ, অব্যবস্থাপনা, অনিয়ম, জালিয়াতি ও অর্থ আত্মসাতের ঘটনা ক্রমেই বাড়ছে।

As the vicious circle of regular pillage in the banking sectors goes on, default loan, mismanagement, irregularity, the occurrence of forgery and misappropriation of money are increasing gradually.

২. মিথ্যা তথ্য ও জালিয়াতির মাধ্যমে ব্যাংক ঋণ নেওয়ার পর তা খেলাপি ঋণে পরিণত করার প্রবণতা শুরুতেই রোধ করা প্রয়োজন।

After a loan being taken with false information and through forgery, it is necessary to check the trend of turning it into a default loan at the inception.

৩. ব্যাংকসমূহ সাধারণত আমানত সংগ্রহের মাধ্যমে ঋণ প্রদান করে এবং তা থেকে মুনাফা অর্জন করে। ব্যাংক অবশ্যই ঋণ দিবে, তবে সে ঋণ যাতে কু-ঋণে পরিণত না হয়, সে ব্যাপারে সতর্ক থাকতে হবে।

Banks generally give loans from deposit collections and earn profit form these. Banks will, of course, provide loans, but they must be alert that the loans donot turn into bad loans.

৪. বৈশ্বিক উষ্ণতা এমন একটি বিষয় যা সারা বিশ্বের সাড়া দাবি করে।

Global warming is an issue that calls for a global response.

৫. দ্রুত বৈশ্বিক জলবায়ু পরিবর্তন বিভিন্ন বাস্তসংস্থানের যথোপযুক্তভাবে অভিযোজনকে বাধা দিবে কারণ উদ্ভিদ বৈচিত্র্য, কৃষি, বন, শুষ্ক জমি, পানিসম্পদ ও মানব স্বাস্থ্যের উপর এই পরিবর্তনের সরাসরি প্রভাব রয়েছে।

The rapid climate change will be too great to allow many eco-systems to adapt suitably, since the change has direct impact on bio-diversity, agriculture, forestry, dry land, water resources and human health.

৬. অস্বাভাবিক আবহাওয়া নকশার কারণে গ্রিন হাউজ গ্যাসের পরিমাণ বাড়ছে, বায়ুর গুণমান কমে যাচ্ছে।

Due to unusual weather pattern, greenhouse gas is rising and air quality is declining.

৭. সমাজ প্রত্যাশা করে যে, ব্যবসা প্রতিষ্ঠানগুলো যেন এই গ্রহ নিরাপদে রাখার দায়িত্ব নেয়।

Society expects that businesses also take responsibility in safeguarding the planet.

৮. অধিকন্তু জলবায়ু পরিবর্তনে আতঙ্কগ্রস্ত/অসুরক্ষিত দেশসমূহের মধ্যে বাংলাদেশ একটি।

In addition, Bangladesh is one of the most vulnerable countries due to climate change.

৯. পরিবেশকে অবক্ষয় থেকে রক্ষায় বৈশ্বিক উন্নয়ন ও সাড়ার পাশাপাশি বাংলাদেশের অর্থনৈতিক খাতেরও একটি মুখ্য অংশীদার হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা উচিত।

In the line with global development and response to the environmental degradation, financial sector in Bangladesh should also play an important role as of the key stake-holder.

১০. চীন সহ অনেক দেশ তাদের অর্থনীতির পুনর্বিন্যাস করতে বাধ্য হওয়াতে কিছু শ্রমঘন পণ্যের উৎপাদনের জন্য পৃথিবীর একটি সম্ভাব্য সরবরাহ কেন্দ্র হিসাবে বাংলাদেশ আর্বিভূত হচ্ছে।

Since many countries including China forced to restructure their economies, Bangladesh is emerging as a possible supply hub of the world for manufacturing of some labour intensive products.

১১. বিদেশী ক্রেতাদের কৌশলগতভাবে আকৃষ্ট করার জন্য (বাংলাদেশের) ব্যবসায়িক গোষ্ঠি সফলভাবে নিজেদের অবস্থান তুলে ধরার সামর্থের উপরই নির্ভর করবে এই সুযোগটি বাংলাদেশ কাজে লাগাতে পারবে কিনা।

Whether Bangladesh can fully exploit the opportunity depends on the ability of the business community to successfully position them strategically to attract foreign buyers.

১২. কার্যকরীভাবে এরূপ করা তাদের জন্য সম্ভব করতে, অনুকূল অর্থনৈতিক নীতিমালা অবকাঠামো অবশ্যই জায়গামতো বসাতে হবে।

For them to do so effectively, supportive economic policies and infrastructure must be put in place.

১৩. এটা উল্লেখ করা যেতে পারে, দেশের ভবিষ্যৎ অর্থনৈতিক উন্নয়নে প্রধান ভূমিকা পালনকারী হবে ব্যবসায়িক সম্প্রদায় যেহেতু তারা হলো প্রাইভেট অর্থনীতির মূল চালিকাশক্তি।

It may be mentioned that the key actor in the future economic development of the country will be the business community since they are the core drivers of the private economy.

১৪. বাংলাদেশে অনেক প্রতিষ্ঠান এখনো বিবেচনা করে তাদের কর্পোরেট সামাজিক দায়িত্বকে পরোপকারিতার একটি কাজ হিসেবে এই দায়িত্বসমূহকে তাদের কেন্দ্রীয় ব্যবসায়িক কর্মকান্ডে অন্তর্ভুক্ত করার বদলে।

Many businesses in Bangladesh still consider their corporate social responsiblity as an act of philanthropy rather than integrating the practices into their core business activities.

১৫. আমাদের সামাজিক, অর্থনৈতিক, পরিবেশগত এবং নৈতিক দায়-দায়িত্ব কীভাবে আমরা পূরণ করি, সেদিকে ঘনিষ্ট মনোযোগ প্রদান করে সব স্টেকহোল্ডারদের সাথে অধিকতর ভালো সম্পর্ক গঠন করার একটি সুযোগ হলো CSR।

CSR is an opportunity to build better relationship with all stakeholders by paying closer attention to how we fulfill our social, economic, environmental and ethical responsibilites.

১৬. কার্বন নির্গমণ হ্রাসে অবদান রাখার লক্ষ্যে বেসরকারি খাত কপ-২৬ কর্মসূচিতে অংশগ্রহণ করে প্রতিশ্রুতি ও পদক্ষেপ গ্রহণ করেছে যাতে ২০৫০ সালের মধ্যে কার্বনমুক্ত অর্জন করা যায়।

The private sector took part in the COP26 and made commitments and initiatives with a view to contributing to reduce carbon emission, thereby achieving net zero emission by 2050.

১৭. তাদের অংশগ্রহণ ছিল জলবায়ু কার্যক্রম, অর্থায়ন, প্রযুক্তি হস্তান্তর এবং তথ্যে সহায়তার জন্য মূলধন পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সুশাসনের ক্ষেত্রে অগ্রগতি ধরনের।

Their engagements were in the form of improvement in corporate governance, capital mobilization for climate action, financing, offering technologies, and data support.

১৮. বেসরকারি খাতের সংশ্লিষ্টকরণ তিনটি ভাগে ভাগ করা যেতে পারে- জলবায়ু অর্থায়ন ও বিনিয়োগ, জলবায়ু সুশাসন/পরিচালনা এবং প্রযুক্তি ও তথ্যে সহায়তা।

Engagement of the private sector can be categorised into three categories: climate finance and investment; climate governance; and technology and data support.

১৯. অর্থনৈতিক বৈভব ও সমৃদ্ধতা সামাজিক প্রতিবাদের প্রয়োজনীয়তা ও সুযোগ কমিয়ে দেয় বলে মনে করা হয়, যা অনেক উন্নয়নশীল দেশের একটি সাধারণ বিষয়।

Economic affluence and prosperity are likely to reduce the scope and necessity of social protest, which is a common phenomenon in many of the developing nations.

২০. সর্বদা সত্য অনেক দেশ ও সমাজের ক্ষেত্রে ফলপ্রসূ না হলেও কিছু উন্নয়নশীল দেশের সরকার বর্তমানে জোরালোভাবে এই ধারণাটি আঁকড়ে ধরে।

Though the proposition is not always true and failed to pass the rest of time in many countries and many societies, government in some developing countries nowadays strongly uphold the concept.

২১. এই কারণে তারা তাদের দেশকে বিত্তশালী ও সমৃদ্ধশীল রূপান্তর করার জন্য তাদের দৃষ্টি, সম্পদ ও প্রচেষ্টাকে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে নিবন্ধ/কেন্দ্রীভূত করেছে।

That's why they have concentrated their focus, resources and efforts on economic growth to turn their countries affluent and prosperous.

২২. সমৃদ্ধির পথে প্রবৃদ্ধিকেন্দ্রিক বা প্রবৃদ্ধি আচ্ছন্ন সঞ্চালন প্রধানত বিভিন্ন সামাজিক প্রতিবাদের মতো বড় কারণে বণ্টনমূলক বিষয়টিকে পাশ কাটিয়ে যায়।

The growth centric or growth-obsessed drives towards prosperity mostly sideline the distributive aspects due to significant causes like various social protests.

২৩. তাত্ত্বিকভাবে সামাজিক প্রতিবাদকে এক ধরনের রাজনৈতিক বহিঃপ্রকাশ হিসেবে আখ্যায়িত করা হয়, যার উদ্দেশ্যে কোনো প্রতিষ্ঠান বা সংগঠনের রাজনীতি বা সাধারণের জ্ঞান, দৃষ্টিভঙ্গি ও আচরণ প্রভাবিত করে সামাজিক বা রাজনৈতিক পরিবর্তন ঘটানো।

Theoretically, social protest is defined as a form of political expression that seeks to bring about a social or political change by influencing the knowledge, attitudes and behaviours of the public or the politics of an organization or institutions.

২৪. এসব প্রতিবাদ সাধারণত প্রকাশ্য গণপ্রদর্শনীতে, মিছিল বা নাগরিক অবাধ্যতায় রূপ নেয় এবং এর মধ্যে পিটিশন, বর্জন, লবি এবং এমনকি বিভিন্ন অনলাইন কার্যক্রমের মতো অপ্রকাশ্য কার্যক্রমও অন্তর্ভুক্ত হতে পারে।

These protests generally take the form of overt public displays, demonstrations, civil disobedience and may also include covert activities like petitions, boycotts, lobbying and even different online activities.

২৫. বর্তমান বিশ্বে সামাজিক গণমাধ্যম ও অন্যান্য ভার্চুয়াল প্লাটফর্মের নিষেধাজ্ঞার কারণে অনলাইন কার্যক্রম সামাজিক আন্দোলনের এক জনপ্রিয় মাধ্যমে পরিণত হয়েছে।

In today's world, online activities have become a popular form of social protest, thanks to prohibition of social media and other virtual platforms.

২৬. ক্ষুব্ধতা প্রকাশ এবং সমস্যা নিরসনে বা ত্রুটি-বিচ্যুতির প্রতি দৃষ্টি প্রদানে মাঝে মাঝে সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বাধ্য করার ক্ষেত্রে সামাজিক আন্দোলনকে শক্তিশালী মাধ্যম হিসেবেও বিবেচনা করা হয়।

Social protest is also considered a strong tool to air the grievances and sometimes compel the goverment and relevant authorities to address the problems or fix the flaws.

২৭. বাংলাদেশে যখন অর্থনীতি ব্যাপক স্থিতিশীল প্রবৃদ্ধি দেখিয়েছে তখন বিগত কয়েক বছর ধরে দেশে বিভিন্ন ধরনের সামাজিক আন্দোলন লক্ষ করা গেছে।

In Bangladesh, different kinds of social protests have been observed in last couple of years when economy registered an unrelenting growth.

২৮. সচরাচর সামাজিক আন্দোলন প্রধানত একটি সময়ের মধ্যে খতম হয় এবং ঘটনাগুলো গুরুতর বিষয় না হওয়া পর্যন্ত আন্দোলন কখনো দীর্ঘ হয় না।

Usually social protests are mostly ended within a period of time and mostly never linger unless those become serious issues.

২৯. কেন্দ্রীয় ব্যাংকের কার্যক্রম রাজস্ব কর্তৃত্বের ক্ষেত্রে বিভিন্ন দেশের বাস্তবতায় বিভিন্ন হয়, কিন্তু সব ক্ষেত্রেই রাজস্ব কর্মপন্থা নিয়ন্ত্রণের জন্য তাদের কড়া ভূমিকার প্রয়োজন, যা সরকারি খরচের উর্ধ্বাভিমুখিতার সাথে সাথে সরকারি ঋণ ও কর ভিত্তির উপর সমতা আনায়ন করে, যাতে করে সার্বভৌম ঋণ সীমা রাজস্ব স্থিতিশীলতার উপর প্রভাব বিস্তার করতে না পারে।

Actions of central bank towards revenue exercise vary from country to country, but they are to have strong roles to control all steps regarding fiscal procedural regulations, that provides stability among the upward expendature of government , along with government loan and tax fixation, so that sovereign debt can not influence over revenue stability.

৩০. ব্যাংকিং খাতের বিপদ ব্যবস্থাপনার পর্যালোচনা ও বলবানকরণের বৈশ্বিক উদ্যোগগুলো আশানুরূপভাবে এগিয়ে যাচ্ছে, তবুও বৈশ্বিক ব্যাংকিংয়ের আগামীর সংকটগুলো পরাস্থ করতে কিছু অমীমাংসিত প্রধান বিষয়ের উপর সুদূরপ্রসারী সর্বসম্মতি প্রয়োজন।

Global initiatives of reviewing and strengthening of banking sector risk management are progressing satisfactorily, but there are some unsettled key issues on which board consensus will be important in averting future episodes of global banking crises.

৩১. বাংলাদেশ বিশ্ববাজার থেকে বিপুল পরিমাণ জ্বালানি তেল ও কয়লা আমদানি করে, গ্যাসও আমদানি শুরু করেছে, যা ভবিষ্যতে আরো বাড়বে।

Importing the huge amount of fuel and coal from the international market, Bangladesh has started importing gas too, which will increase more in future.

৩২. জ্বালানি তেলের দাম বাড়লে বিশ্বব্যাপী জাহাজ ভাড়া বেড়ে যাওয়ার আশঙ্কা থাকে যা আমদানির খরচ বাড়িয়ে দেয়।

If the fuel price increases, there is a chance of rise in Ship fare in the international arena, which raises the cost of importing fuel.

৩৩. এর মধ্যে আন্তর্জাতিক বাজারে বিশেষ করে ভোজ্য তেল, চিনি, গম, চাল ইত্যাদি নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়লে দেশের নিম্ন আয়ের মানুষের ওপর সরাসরি প্রভাব পড়ে।

Besides, if the price of daily essential commodities especially edible oil, sugar, wheat, rice etc. rises in the international market, low income people of the country will suffer directly.

৩৪. বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার তিন বছর ধরে ৭ শতাংশের ওপরে যা নিয়ে দেশের নীতিনির্ধারকসহ বিভিন্ন মহল স্বাভাবিকভাবেই বেশ উচ্ছ্বসিত যেখানে বাড়তি মাত্রা যোগ করেছে এইচএসবিসি গ্লোবাল রিসার্চের হালনাগাদ একটি প্রতিবেদন যে ২০৩০ সালে বাংলাদেশ হবে বিশ্বের ২৬তম অর্থনীতির দেশ, এখন যে অবস্থানে আছে অস্ট্রিয়া।

Different quarters including policymakers are well exhaled innately as Bangladesh has been maintaining 7 percent up economic growth rate for three years where a report recently published by HSBC Global Research has added extra flavors to this cheerfulness that Bangladesh will be the 26th largest country in terms of economy that presently Austria holds.

৩৫. বৃক্ষ শুধু নিসর্গ প্রকৃতির সৌন্দর্য নয়, তা মানুষের জীবনের অপরিহার্য অংশ কারণ জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানুষের জীবনে বৃক্ষের ভূমিকা এত অপরিহার্য যে, বৃক্ষহীন পৃথিবীতে প্রাণের অস্তিত্বই কল্পনা করা যায় না।

Trees are not merely the beauty of nature; it is an integral part of human life because from the cradle to grave, the role of tree in the life of human being is so indispensable that life cannot be envisaged in the treeless world.

| Students' Work | Writing Vocab |
|---|---|

## Bank & Economy Related Words & Phrases

| Words | Bengali Meaning |
|---|---|
| Banking sector | ব্যাংক খাত |
| Central Bank | কেন্দ্রীয় ব্যাংক |
| Public/Govt. Bank | সরকারি ব্যাংক |
| Commercial Bank | বাণিজ্যিক ব্যাংক |
| Money and credit | মুদ্রা ও ঋণ |
| Domestic credit | অভ্যন্তরীণ ঋণ |
| Reserve money | মুদ্রা স্থিতি/রিজার্ভ মুদ্রা |
| Foreign currency reserve | বৈদেশিক মুদ্রা স্থিতি |
| Non bank financial institution | ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান |
| Nonperforming loan | খেলাপি ঋণ |
| Default loan | খেলাপি ঋণ |
| Loan defaulter | ঋণ খেলাপি |
| Rescheduled loan/ Restructured loan | পুনঃতফসিলকৃত ঋণ |
| Exchange rate | বিনিময় হার |
| Fluctuation of currency exchange rate | মুদ্রার বিনিময় হারের ওঠানামা |
| Interest rate | সুদের হার |
| Interest rate movement | সুদের হার পরিবর্তন |
| Credit/loan/debt | ঋণ |
| Repayment | ঋণ পরিশোধ |
| Bankruptcy | দেউলিয়া |
| Unsecured debt | অনিরাপদ ঋণ/বেপরোয়া ঋণ |

| Words | Bengali Meaning |
|---|---|
| Sanction | অনুমোদন |
| Loan sanction | ঋণ মঞ্জুর |
| Deposit collection | আমানত সংগ্রহ |
| Installment | কিস্তি |
| Green banking | সবুজ ব্যাংকিং |
| Retail banking | ক্ষুদ্র ব্যাংকিং |
| Rural banking | গ্রামীণ ব্যাংকিং |
| Electronic banking | ইলেকট্রনিক ব্যাংকিং |
| Branch | শাখা |
| Mobile banking | মোবাইল ব্যাংকিং |
| Plastic money | প্লাস্টিক মানি (Debit/Credit card) |
| False money/Black money | কালো টাকা |
| Pure money/White money | সাদা টাকা |
| Automated banking system | স্বয়ংক্রিয় ব্যাংকিং ব্যবস্থা |
| Baking service | ব্যাংকিং সেবা |
| Debtor | দেনাদার |
| Creditor | পাওনাদার |
| Currency rate | মুদ্রামান |
| Reserve ratio | স্থিতি হার |
| Liquidity | তারল্য |
| Current ratio | তারল্য হার |
| Mortgage | জামানত |
| Forgery | জালিয়াতি |
| Misappropriation of money | অর্থ আত্মসাৎ |
| Micro credit | ক্ষুদ্র ঋণ |
| Convertible currency | বিনিময়যোগ্য মুদ্রা |
| Forfeit | বাজেয়াপ্ত করা |
| Liquidity crisis | তারল্য সংকট |
| Liquidation | দেউলিয়া/ব্যবসা গুটিয়ে ফেলা |
| Free trade | অবাধ বাণিজ্য |
| Global Trade | বৈশ্বিক বাণিজ্য |
| World trade | বিশ্ব বাণিজ্য |
| Domestic trade | অভ্যন্তরীণ বাণিজ্য |
| Trade agreement | বাণিজ্য চুক্তি |
| Compensation | ক্ষতিপূরণ |
| Subsidy | ভর্তুকি |
| Incentive | প্রণোদনা |
| Tax | কর |
| Taxation | করারোপণ |
| Tax payer | কর দাতা |
| Tax evasion | কর ফাঁকি |
| customs duty | কস্টমস শুল্ক |
| Tariff | আমদান শুল্ক |

| Words | Bengali Meaning |
|---|---|
| Levy | কর বা খাজনা |
| Merchant | ব্যবসায়ী |
| Depression | মন্দাঅবস্থা |
| Recession | মন্দা |
| Value added tax (VAT) | মূল্য সংযোজন কর |
| Bond provisions | বন্ড সুবিধা |
| Import-Export | আমদানি-রপ্তানি |
| Balance of trade | বাণিজ্য ভারসাম্য |
| Balance of payment | লেনদেনের ভারসাম্য |
| Trade deficit/Trade gap | বাণিজ্য ঘাটতি |
| Trade surplus | বাণিজ্য উদ্বৃত্তি |
| Trade resistance | বাণিজ্য প্রতিবন্ধকতা |
| Multinational | বহুজাতিক |
| Multilateral | বহুদেশীয়/বহুজাতিক |
| Bilateral | দ্বিদেশীয় |
| Exchange rate | বিনিময় হার |
| Blockade | অবরোধ |
| Embargo | অবরোধ |
| Terms of trade | বাণিজ্য শর্ত |
| Resource | সম্পদ |
| Green investment | সবুজ বিনিয়োগ |
| Return/Profit | মুনাফা/লাভ |
| Joint venture | যৌথ বিনিয়োগ |
| Foreign Direct Investment (FDI) | প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ/ বৈদেশিক বিনিয়োগ |
| Energy | জ্বালানি/শক্তি |
| Renewable energy | নবায়নযোগ্য জ্বালানি |
| Industrialization | টেকসই জ্বালানি |
| Solar energy | সৌর শক্তি |
| Fossil fuel | জীবাশ্ম জ্বালানি |
| Crude oil | অপরিশোধিত তেল |
| Coal based power plant | কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র |
| Natural gas | প্রাকৃতিক গ্যাস |
| Liquefied Natural Gas (LNG) | তরলীকৃত প্রাকৃতিক গ্যাস |
| Trade war | বাণিজ্য যুদ্ধ |
| Tax holiday | কর হ্রাস |
| Trade associate | বাণিজ্য সহযোগী |
| Preferential market access | অগ্রাধিকারমূলক বাজার প্রবেশাধিকার |
| Stand off | অচলাবস্থা |
| Financial inclusion | আর্থিক অন্তর্ভুক্তি (মূলত, পিছিয়ে পড়া জনগণদের আর্থিক সেবার আওতায় আনাকে বুঝায়) |
| Inclusive growth | সামগ্রিক প্রবৃদ্ধি/ অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি |

| Words | Bengali Meaning |
|---|---|
| Steady growth | অবিচল প্রবৃদ্ধি |
| Fiscal policy | রাজস্ব নীতি |
| Fiscal sector | রাজস্ব খাত |
| Fiscal dominance | রাজস্ব আধিপত্য (একটি দেশের সরকারি ঋণের পরমাণ বেড়ে রাজস্ব খাতের উপর অতিরিক্ত চাপকে Fiscal Dominance বলে) |
| Fiscal deficit | আর্থিক ঘাটতি |
| Fiscal restraint | রাজস্ব প্রতিবন্ধকতা |
| Monetary and fiscal sector | মুদ্রা ও আর্থিক খাত |
| External sector | বৈদেশিক খাত |
| Monetary policy | মুদ্রানীতি (কেন্দ্রীয় ব্যাংক বছরে দুইবার মুদ্রানীতি ঘোষণা করে) |
| Macro economy | সামষ্টিক অর্থনীতি |
| Inflation | মুদ্রাস্ফীতি |
| Deflation | মুদ্রাসংকোচন |
| Domestic currency | দেশীয় মুদ্রা |
| Devaluation | অবমূল্যায়ন |
| Economic growth | অর্থনৈতিক প্রবৃদ্ধি |
| Economic development | অর্থনৈতিক উন্নয়ন |
| Economic review | অর্থনৈতিক সমীক্ষা |
| Economic diversification | অর্থনৈতিক বহুমুখিতা |
| Economic constraints/ Barriers | অর্থনৈতিক সীমাবদ্ধতা/বাধা |
| Broad economy | ব্যাপক অর্থনীতি |
| Economic stability | অর্থনৈতিক স্থিতিশীলতা |
| Instability | অস্থিতিশীলতা |
| Five years Economic Plan | পঞ্চবার্ষিক আর্থিক পরিকল্পনা |
| Infrastructure | অবকাঠামো |
| Business day | কার্যদিবস |
| Sector specified | খাত নির্দিষ্ট |
| Service sector | সেবা খাত |
| Industrial sector | শিল্প খাত |
| Agricultural sector | কৃষি খাত |
| Standard of living | জীবন যাত্রার মান |
| Goods | মালামাল/পণ্যসামগ্রী |
| Open market policy | খোলাবাজার নীতি |
| Middle income country | মধ্যম আয়ের দেশ |
| Least developed countries (LDC) | স্বল্প/নিম্ন আয়ের দেশ |
| Sustainable development | টেকসই উন্নয়ন |
| Expatriate employment | প্রবাসী কর্মসংস্থান |
| Market trend | বাজার প্রবণতা |
| Capital market | পুঁজি বাজার |
| Money market | অর্থ বাজার |

| Words | Bengali Meaning |
|---|---|
| Revenue mobilization | রাজস্ব আহরণ |
| Surplus budget | উদ্বৃত্ত বাজেট |
| Balanced budget | সুষম বাজেট |
| Monopoly market | একচেটিয়া বাজার |
| World economic scenario | বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি |
| Transitional flow | আন্তঃদেশীয় প্রবাহ |
| Economic zone | অর্থনৈতিক অঞ্চল |
| Public Sector | সরকারি খাত |
| Private sector | বেসরকারি খাত |
| Sectoral analysis | খাতভিত্তিক বিশ্লেষণ |
| Gross domestic product (GDP) | মোট দেশজ উৎপাদন |
| Gross national product (GNP) | মোট জাতীয় উৎপাদন |
| Per capita income | মাথাপিছু আয় |
| National income | জাতীয় আয় |
| Ownership oriented sector | মালিকানা ভিত্তিক খাত |
| Private Public Partnership (PPP) | সরকারি-বেসরকারি অংশীদারিত্ব |
| Production based sector | উৎপাদন ভিত্তিক খাত |
| Foreign Direct Investment (FDI) | প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ/ বৈদেশিক বিনিয়োগ |
| Labor force | শ্রম শক্তি |
| Public expenditure | সরকারি ব্যয় |
| Opportunity cost | সুযোগ ব্যয় |
| Foreign aid | বৈদেশিক সাহায্য/অনুদান |
| Public debt | সরকারি ঋণ |
| Foreign trade | বৈদেশিক বাণিজ্য |
| Legal reforms | আইনগত সংস্কার |
| Export policy | রপ্তানি নীতি |
| Import policy | আমদানি নীতি |
| Consumption | ভোগ |
| savings | সঞ্চয় |
| Surplus | উদ্বৃত্ত |
| Technology driven industries | প্রযুক্তি চালিত শিল্প |
| Cost of transportation | যোগাযোগ ব্যয় |
| Expansion of economy | অর্থনীতির প্রসারণ |
| Liberalization of | অর্থনীতির উদারীকরণ |

| Words | Bengali Meaning |
|---|---|
| economy | |
| Decline | কমে যাওয়া |
| Restructure of economy | অর্থনীতির পুনর্গঠন |
| Integrated market | সমন্বিত বাজার |
| Profit/gain | লাভ/মুনাফা |
| Duty/ Tax | কর |
| VAT evasion | ভ্যাট ফাঁকি |
| Income tax | আয়কর |
| Green economy | সবুজ অর্থনীতি |
| Blue economy | সমুদ্র অর্থনীতি |
| Balanced development | সুষম উন্নয়ন |
| Vibrant economy | প্রাণোদ্দীপ্ত অর্থনীতি |
| Discipline, stability and transparent | শৃঙ্খলা, স্থায়িত্ব ও স্বচ্ছতা |
| Financial integrity | আর্থিক বিশুদ্ধতা |
| Anti fraud measures/steps | জালিয়াতি প্রতিরোধী পদক্ষেপ |
| Economic crisis | অর্থনৈতিক সংকট |
| Foreign currency | বৈদেশিক মুদ্রা |
| Economic review | অর্থনৈতিক পর্যালোচনা/ অর্থনৈতিক সমীক্ষা |
| Equilibrium | ভারসাম্য |
| Inflow | আন্তঃপ্রবাহ |
| Outflow | বহিঃপ্রবাহ |
| Ceiling | সর্বোচ্চ সীমা/ সর্বোচ্চ স্তর |
| Economic vulnerability | অর্থনৈতিক ভঙ্গুরতা |
| Smooth graduation | মসৃণ উত্তরণ |
| Development partner | উন্নয়ন সহযোগী/উন্নয়ন অংশীদার |
| Expatriate workers | প্রবাসী শ্রমিক |
| Subscription fee | চাঁদা |
| Privatization | বেসরকারীকরণ |
| Tax at source | উৎসে কর |
| Tax incentives | কর প্রণোদনা |
| Tax exemption | কর রেয়াত/অব্যাহতি |
| Tax evasion | কর ফাঁকি |
| Export oriented sector | রপ্তানিমুখী খাত |
| Upturn | উর্ধ্বমুখী প্রবণতা |
| Downturn | নিম্নমুখী প্রবণতা/মন্দা |
| Tripartite | ত্রিপক্ষীয় |

# Lecture 03

# Art of Translation (Bengali to English) Part- 01

## Teacher's Work

**01. Translate into English:**

বাংলার বর্ষা ঋতু নিয়ে কবিদের মুগ্ধতার শেষ নেই। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সবচেয়ে প্রিয় ঋতু বর্ষা, যা তাঁর লেখায় মূর্ত হয়ে উঠে। তাঁর অসংখ্য গান ও কবিতায় ফুটে উঠেছে বর্ষার বিচিত্র রূপ, যে রূপের সঙ্গে কখনো যুক্ত হয়েছে ব্যক্তি মানুষের ভাবনা, অপেক্ষা, প্রেম-বিরহ আরো কত কী। উপমা আর রূপক লাবণ্যে লীন হয়ে আছে তাঁর গান বাংলা গানের সম্ভার। এমনি কবি কাজী নজরুল ইসলাম, অতুল প্রসাদ সেন, ডি.এল রায়, রজনী কান্ত সেন সহ সব কবির লেখা ছুঁয়েছে বর্ষার রূপ। এক্ষেত্রে ভিন্নতা লক্ষ্য করা যায় লোক কবিদের বেলায়। এখানে বর্ষা কেবল রোমান্টিকতা নয়, জীবন-মৃত্যুর দ্বন্দ্ব দোলায় নাউয়ের যাত্রী হয়ে লোক কবিদের লেখায় বর্ষা নিয়ে যেমন প্রেম, বিরহ, অপেক্ষা, আধ্যাত্মিকতা এসেছে, তেমনি এসেছে এর করালগ্রাসী রূপ। বোধ করি নগরের মানুষ যখন বর্ষাকে জানালা দিয়ে হাত বাড়িয়ে ছুয়ে দেখতে চায় বৃষ্টির স্পর্শ, আস্বাদ নিতে চায়; গাঁয়ের মানুষ তখন বর্ষার জলে ভিজে সিক্ত। তাদের কাছে বর্ষা যেমন আশির্বাদ নিয়ে আসে, তেমনি অতি বর্ষণ ডেকে আনে জন-জীবনে চরম দুর্ভোগ, জমির ফসল ভেসে যায়, ভেসে যায় বসতবাড়ি, গৃহ-পালিত পশু, হালের গরু ইত্যাদি।

**02. Translate into English: (Optional Work/H.W)**

সব ধরনের পেমেন্ট সিস্টেম কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণে 'পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেমস আইন ২০২১' এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রীসভা। এ আইন অনুযায়ী পেমেন্ট তথা পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী, পরিশোধ ব্যবস্থায় অংশগ্রহণকারী ও পরিশোধ সেবাদানকারীর কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান, তদারকি ও নিয়ন্ত্রণ থাকবে কেন্দ্রীয় ব্যাংকের হাতে। কোনো সেবাদানকারী প্রতিষ্ঠানের যদি অবসায়ন ঘটে তাহলে দায়দেনা পরিশোধের ক্ষেত্রে আইন গ্রাহকদের অগ্রাধিকার দেয়ার বিধান রাখা হয়েছে। আইনের মাধ্যমে দেশে কার্যরত সব পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী, নিকাশ ও নিষ্পত্তিকরণ কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান, তদারকি ও নিয়ন্ত্রণ করবে কেন্দ্রীয় ব্যাংক। তবে বাংলাদেশে কার্যরত স্টক এক্সচেঞ্জগুলোর কার্যক্রম এ আইনের বাইরে থাকবে। [Bangladesh Bank (AD) 18-12-2021]

**03. Translate into English: (Optional Work/H.W)**

পৃথিবীর ধনী দেশগুলোতে অসমতার বিস্ফোরণ ঘটেছে তা ঠিক, কিন্তু গত কয়েক দশকে যে গরিব মানুষের জীবনে উল্লেখযোগ্য পরিবর্তন ঘটেছে তা-ও বলা দরকার। ১৯৮০ থেকে ২০১৬ সাল এই সময়ের আয়ের নিরিখে নিচের দিকে থাকা ৫০ শতাংশ মানুষের আয় দ্বিগুণ হয়েছে। ১৯৯০ সালের পর দরিদ্র মানুষের সংখ্যাও অর্ধেক কমেছে। ইতিহাসের আর কোনো সময়ে এত মানুষ এত অল্প সময়ে দারিদ্র্য থেকে বেরিয়ে আসেনি। জীবনমানের উন্নতিও হয়েছে ব্যাপক। এমনকি যারা এখনও গরিব, তাদের জীবনেও একথা প্রযোজ্য। ১৯৯০ এর দশেকের পর সারা বিশ্বে সন্তান জন্মদানের সময় মাতৃমৃত্যুর হার অর্ধেক কমেছে। নবজাতকের মৃত্যুর হারও একইভাবে কমেছে এবং এতে দশ কোটি বেশি শিশুর জীবন রক্ষা পেয়েছে। আজ যেসব দেশে বড় ধরনের সামাজিক গোলযোগ নেই, সেইসব দেশের প্রায় সব শিশুই প্রাথমিক শিক্ষা পাচ্ছে।

## Students' Work

**01. Translate into English:**

সব ধরনের পেমেন্ট সিস্টেম কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণে 'পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেমস আইন ২০২১' এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রীসভা। এ আইন অনুযায়ী পেমেন্ট তথা পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী, পরিশোধ ব্যবস্থায় অংশগ্রহণকারী ও পরিশোধ সেবাদানকারীর কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান, তদারকি ও নিয়ন্ত্রণ থাকবে কেন্দ্রীয় ব্যাংকের হাতে। কোনো সেবাদানকারী প্রতিষ্ঠানের যদি অবসায়ন ঘটে তাহলে দায়দেনা পরিশোধের ক্ষেত্রে আইন গ্রাহকদের অগ্রাধিকার দেয়ার বিধান রাখা হয়েছে। আইনের মাধ্যমে দেশে কার্যরত সব পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী, নিকাশ ও নিষ্পত্তিকরণ কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান, তদারকি ও নিয়ন্ত্রণ করবে কেন্দ্রীয় ব্যাংক। তবে বাংলাদেশে কার্যরত স্টক এক্সচেঞ্জগুলোর কার্যক্রম এ আইনের বাইরে থাকবে। **[Bangladesh Bank (AD) 18-12-2021]**

**Ans:** The cabinet has given the final approval to the draft of 'Payment and Settlement Systems Act-2021' to operate and control all types of payment system fucntions. According to this act, approving monitoring and controlling the functuions of payments system operators, participators in the payment system and payment service providers will be in the hands of the central bank. If any service providing company gets terminated, there has been a provision in the act to give priority to the customers in terms of paying off the liabilities. Through this act, central bank will approve, monitor and control all the payment service providers operating in the country and the operation of clearing and settlement services. But the functions of the stock exchanges operating in Bangladesh will be out of the perviews of this act.

**02. Translate into English:**

জনসংখ্যা সমস্যা আমাদের দেশের একটি বড় সমস্যা। আমাদের জনসংখ্যা বেড়েই চলেছে। দেশের লোকের স্বাস্থ্য তেমন ভালো নয়। তাদের অনেকেই অপুষ্টিতে ভুগছে। যে পরিমান খাদ্য তাদের জন্য প্রয়োজন তা তারা পায় না। আমরা পর্যাপ্ত পরিমাণে খাদ্য উৎপাদন করতে পারি না। অধিক খাদ্য উৎপাদন করে খাদ্য চাহিদা পূরণ করা সম্ভব। সেজন্য আমাদের প্রচুর পরিশ্রম করতে হবে। আমাদের খাদ্য সমস্যা সমাধানের জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করতে হবে। [Bangladesh Bank (AD)-2008, 2019, Sonali Bank Ltd. Officer (Cash)-2018]

**Ans:** Population problem is a major problem in our country. Our population is continuously increasing. People's health is not so good. Many of them are suffering from malnutrition. They do not get as much food as they need. We cannot produce enough food. It is possible to meet food demand by producing more food. To do so, we have to work hard To solve our food problem, we need to cultivate our land in scientific method.

**03. Translate into English:**

সৌর বিদ্যুৎ ব্যবহারে গত এক দশকে বাংলাদেশে বৈপ্লবিক পরিবর্তন ঘটে গেছে। দেশের প্রায় দুই কোটি মানুষ বর্তমানে সৌর বিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে সৌর সুবিধা পাচ্ছে। সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট লিমিটেড এর হিসাব অনুযায়ী, দেশে বর্তমানে বাড়ি ভিত্তিক সৌর বিদ্যুৎ প্যানেলের সংখ্যা ৩৬ লাখ। শুধু সৌর বিদ্যুৎ নয়, নবায়নযোগ্য বিভিন্ন প্রাকৃতিক উৎস কাজে লাগিয়ে জ্বালানী ব্যবহারও আগের চেয়ে অনেক বেড়েছে। দিন দিন বেড়েই চলছে এর চাহিদা। এই অবস্থঅয় নবায়নযোগ্য ও পরিবেশ বান্ধব শক্তির উৎস ও শক্তির বিভিন্ন ব্যবহার নিয়ে "গ্রীন এনার্জি এক্সপোর্ট" শীর্ষক এক প্রদর্শনীও হতে দেখা গেল।

**Ans:** Over the last decade, there has been a revolutionary change in the use of solar electricity in Bangladesh. Around 20 million people are now getting benefits by using solar electricity. According to Infrastructure Development Limited, a state-owned organization, the number of home-based solar panels in the country is 3.6 million at present. Not only solar power but other fuels produced by using nnatural sources of renewable energy are also being used increasingly. Its demand is on the rise day by day. In this situation, an exhibition entitled "Green Engergy Export" was held on renewable and environment friendly energy sources and their uses.

**04. Translate into English:**

ব্যক্তি বা সমষ্টির উপযোগ নয়, আয় বা সম্পদ নয়, বরং নানা কাজে, নানা হয়ে ওঠায় তার সক্ষমতার বিকাশই মানুষের আপেক্ষিক অধিকার নির্দেশ করে। মনোজগতের খবর নেওয়ার এতে প্রয়োজন পড়ে না। তার বাস্তব ক্রিয়াকর্মে মূল্যমান-সংযোজনের যোগ্যতার ওপর তা নির্ভর করে। প্রত্যক্ষের পরিমাণে তাকে আনা যায়। সব মিলিয়ে সূচকের নির্মাণে কমবেশিও তুলনা করা যায়। তবে সমাজের ন্যায় সবার বেলায় নিরপেক্ষ, এই শর্ত অচল হয়ে পড়ে। অক্ষমকে সক্ষক করে তোলা, অথবা তার সক্ষমতার মান বাড়ে। মানুষের করা এবং হওয়ার ক্ষেত্রে বৈচিত্র আসে। তা প্রসারিত হয়। মানুষের এই সমৃদ্ধতর ও ব্যাপকতার বিকাশই উন্নয়ন এবং এই উন্নয়নই তার বস্তজগতে মুক্তির উপায়। সক্ষমতাকে বস্তুগ্রাহ্য করতে প্রয়োজন গণমানুষের পুষ্টি ও সুস্বাস্থ্য। আরও প্রয়োজন জাত-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সমতা ও নিরাপত্তা, চাই ক্রিয়াকর্মে সচলতা ও মতপ্রকাশের অধিকার। দারিদ্র্য বা বঞ্চনা, সমাজে নারীর অধিকার-হরণ, নিরক্ষরতা বা কুসংস্কারে আচ্ছন্নতা এগুলো সবই ক্ষমতার পথে অন্তরায়। মানুষের কল্যাণকে তারা বাধাগ্রস্থ করে। আরও বলবার, এসবই প্রত্যক্ষ জগতের বিষয় এবং এদের সংখ্যা গণনায় আনা সম্ভব। কাউকে অখুশি করে বহুজনের উপকার সামাজিক ন্যায়বিচারের আওতার বাইরে থাকে না। ব্যক্তির সঙ্গে সমষ্টির আপেক্ষিক সক্ষমতা এবং সেইসঙ্গে সমাজে ক্রিয়াকর্মে তাদের মূল্য-সংযোজন সুযোগ সংখ্যায় ও গুণগত মানে বাড়লো, কি বাড়লো না সেটাই মূল বিবেচনা।

**[Bangladesh Bank (AD)- 27-07-2018]**

**Ans:** It is neither individual utility nor aggregate utility, neither income nor wealth, rather development of being able to become virtuoso in varieties dictates the relative rights of human being. It does not need to take the world of mind into account. It depends upon his practical activities based on value-accretion of worthiness. It can be brought forward by dint of its direct measurements. It can be compared more or less in terms of index as a whole. But, the condition that justice in the society is neutral for all does not work here. To make incapacitated people capacitate or to raise their ability gets more importance. Heterogeneity falls upon human deeds and beings. Further it becomes extended. This type of enriched and pervasive progress of human being is the development. And this development is the way of emancipation in his material world. To make the competence conspicuous, we need nutrition and good health for the common people. We also need equity and security, mobility in activities and freedom of expression irrespective of caste and creed. Poverty and deprivation, violation of woman's rights, illiteracy, superistation -- all these things stand on the way of progress. These factors hamper the welfare of mankind. Besides, all these elements are the subjects of practical life and it is possible to bring all of them into calculation. Assisting many people making someone unhappy does not go beyond social justice. Whether the quantitiative and the qualitative value-accretion of the social activities along with relative competencies of individual and aggregate has gone up or down is the matter of consideration.

**05. Translate into English:**

সমাজ সাধারণভাবে মানুষকে সৃষ্টি করে, মানুষ আবার নিজেকে গড়ে তোলে শিক্ষাদীক্ষা ও সৌন্দর্য্য সাধনার সহায়তায়। এই যে নিজেকে বিশেষভাবে গড়ে তোলা, এইর নাম কালচার। তাই কালচার্ড মানুষ স্বতন্ত্রসত্তা, আলাদা মানুষ। নিজের চিন্তা, নিজের ভাবনা, নিজের কল্পনার বিকাশ না হলে কালচার্ড হওয়া যায় না। চিন্তা ও বিশ্বাসের ব্যাপারে সমতা স্থাপন করে মানুষের স্বাতন্ত্র লুপ্ত করতে চায় বলে সামাজিক বিধি-বিধান অনেক সময়ে কালচারের পরিপন্থি। নিজেকে বাঁচাও, নিজেকে মহান করো, সুন্দর করো, বিচিত্র করো এই কালচারের আদেশ। কালচার ব্যক্তিতান্ত্রিক একথা বললে এ বুঝায় না যে, কালচার্ড মানুষ সমাজের ধার ধারে না, সে দলছাড়া, গোত্রছাড়া জীব। তা নয়, সমাজের ধার সে খুবই ধারে। নইলে প্রাণ পাবে কোত্থেকে? সুতরাং নিজের স্বার্থের দিকে নজর রেখেই কালচার্ড মানুষ সমাজের কথা ভাবে, এমন কি দরকার হলে সমাজের জন্য প্রাণ পর্যন্ত দিতে প্রস্তুত থাকে। সংস্কৃতিবান মানুষ ব্যক্তিতান্ত্রিক এই অর্থে যে, সমাজ বা অর্থনীতির কথা ভেবে সে নিজের অসৌন্দর্যকে ক্ষমা করে না। **[Bangladesh Bank Officer (General)- 25.05.2018]**

An

06

A

**Ans:** Society builds up man in its usual ways, but man rebuilds himself with the help of education and pursuit of beauty. This kind of development of oneself is called culture. So, a cultured man is a diffrent man with individual entity. A person cannot become a cultured person without developing his own thoughts, ideas, and imagination. Social norms often stand in the way of culture because they seek to obliterate a person's individuality by establishing equality of thought and belief. Save yourself, glorify yourself, beautify yourself and diversify yourself, these are the demands of culture. That culture is individualistic does not necessarily mean that a cultured man does not not care for social mores and values. And it does not mean that he is an isolated and ostracized living being either. It is not like that he is conscious enough about society. Other than where will he get life? So a cultured man thinks about the society. He is ready to sacrifice his life for the society. A cultured man is individualistic in the sense that he does not condone his own ugliness when he thinks for the good of society and economy.

**06. Translate into English:**
মাতৃভাষা মানুষের সবচেয়ে প্রিয় এবং তা মনোভাব প্রকাশের জন্য সবচেয়ে বেশি উপযোগী। অন্য কোনো ভাষায় মনোভাব প্রকাশ করে পরিপূর্ণ আনন্দ পাওয়া যায় না। পৃথিবীতে মনের ভাব প্রকাশ করার জন্য অসংখ্য ভাষার সৃষ্টি হয়েছে। প্রত্যেক জাতির মাতৃভাষার নিজস্ব একটা বৈশিষ্ট্য আছে এবং মাতৃভাষার সঙ্গে এমন একটি আত্মিক সম্পর্ক থাকে যে, সেই ভাষাই তার মনোভাব প্রকাশের সর্বোত্তম বাহন হিসেবে বিবেচিত হয়। বিদেশি ভাষা কষ্টে আয়ত্ত করা গেলেও তার মর্ম যথার্থ উপলব্ধি করা যায় না এবং তাতে মনোভাব প্রকাশের যথেষ্ট অন্তরায় থাকে। তাই পৃথিবীতে অসংখ্য ভাষার মধ্যে মাতৃভাষাই সবচেয়ে আপনা এবং মনোভাব প্রকাশের শ্রেষ্ঠ পন্থা। বাঙালিদের কাছে বাংলা ভাষাই মনোভাব প্রকাশের শ্রেষ্ঠ মাধ্যম। কারণ এটি বাঙালির মাতৃভাষা। বাঙালির রক্তে মাংসে মজ্জায় বাংলা ভাষা মিশে আছে। বাঙালিরা পরভাষা চর্চা করে বটে, কিন্তু বাংলাতেই তার যত স্বাচ্ছন্দ্য।
**[Bangladesh Bank Officer (Cash)- 24.02.2017]**

**Ans:** Mother tongue is the most favorite language and the most appropriate way to express feelings. One doesn't get complete pleasure to express feelings using other languages. Numerous languages in the world have been created for expressing feelings. Every nation has an own form and has a soul relation with language that is the only language to be considered as the best way to express one's feelings. Foreign languages can be learnt with hardness but not possible to judge the value of appropriateness and there remains obstacles to express feelings. That is why among the various languages, mother language is the closest to one and the best way to express feelings. Only Bengali is the best medium to express feelings for the Bengalis because it is the mother tongue of Bengalis. Bengali consists in the heart, flesh and blood of Bengalis. Bengalis may cultivate other languages but Bangla is the place of their comfort.

**07. Translate into English:**
আঠারো/ উনিশ শতকে ঢাকার একটা আলাদা জীবন ছিল। কিন্তু সমস্ত পূর্ববঙ্গ ছিল একটা পশ্চাৎ ভূমি। বাংলার রাজধানী কলকাতা থাকায় সেখানেই ছিল সমস্ত শিক্ষা-দীক্ষা, ব্যবসা-বাণিজ্য এবং সমৃদ্ধি। পূর্ব বাংলা থেকে সমস্ত অর্থ-সম্পদ চলে যেত কলকাতা কেন্দ্রিক জমিদারদের হাতে, যাদের অনেকেরই জমিদারি ছিল বাংলাদেশে। এই বঞ্চনার ইতিহাস দীর্ঘ হতে হতে কুঁড়ি শতকের গোড়ার দিকে ঢাকা কেন্দ্রিক একটা প্রবল আন্দোলন শুরু হলো নিজস্ব স্বাতন্ত্রের জন্য। সামগ্রিক দৃষ্টিকোণ থেকে ইংরেজ শাসকরাও বুঝতে পেরেছিল যে এখানে সে অর্থে কোন মধ্যবিত্ত শ্রেণিও নেই যারা তাদের নিজস্ব ব্যবসা-বাণিজ্য বিকশিত করতে পারে। আরেকটি বড় অভাব তারা চিহ্নিত করেছিল সেটা ছিল শিক্ষার অভাব। এরপর ১৯০৫ সালে প্রথম যখন বঙ্গভঙ্গ হল তখন ঢাকা একটি প্রাদেশিক রাজধানীর মর্যাদা পেল। তখনই সত্যিকার অর্থে জেগে ওঠে ঢাকা। তখন যে সমস্ত বাঙালি ঢাকার বাইরে ছিল তাদের দৃষ্টি পড়তে শুরু করল ঢাকার দিকে। সেই সময়েই আসলে পূর্ববঙ্গের জাগরণ শুরু হয়। [Bangladesh Bank (AD)- 17-02-2017]

**Ans:** Dhaka had a unique way of life in the eighteenth and nineteenth century. However, the whole East Bengal was under-privileged. Since Kolkata was the capital of Bangla, all sorts of education-initiation, trade and commerce and prosperity were there. All wealth from East Bengal was transferred to the hands of Jaminders living in Kolkata. And many of their landholdings were in Bangladesh. To achieve its own distinction, a Dhaka centric movement started from the beginning of 20th century after a prolonged history of deprivation. From a holistic perspective, British rulers were also cognizant that there was not that kind of middle classs people available who could stretch out their own commerce and trade.They pointed out another big demand and it was about education. Dhaka was awarded as the provincial capital when there was first partition in 1905. Then, Dhaka reincarnated in true sense. Bengalis who were out of this capital started keeping their eyes on to Dhaka. Renaissance actually started in the East Bengal during this period.

**08. Translate into English:**
আধুনিক বিশ্বে শিক্ষাগত পরিবর্তন প্রক্রিয়া নানা কারণে গতিময় হয়ে উঠেছে। যোগাযোগ ও আদান প্রদানের নতুন নতুন প্রযুক্তিগত মাধ্যম, আধুনিক পদ্ধতিতত্ত্ব, সর্বাধুনিক শিক্ষা উপকরণ ও শিক্ষা সমাজের প্রতিটি পর্যায়ে দ্রুত পরিবর্তন আনতে সক্ষম হচ্ছে। শিক্ষা হলো একটি সামাজিক প্রক্রিয়া- যে প্রক্রিয়ার দ্বারা সমাজশক্তির কর্তৃত্ব ব্যক্ত হয়। আমাদের সমাজে এই শক্তি রাষ্ট্রকেও প্রভাবিত করে। আবার এদেশের শিক্ষার একটি বৃহত্তম অংশ রাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন পরিচালিত। তাই সরকার যে শিক্ষানীতি ধার্য করেন সেই নীতি স্বাভাবিকভাবে সমাজ ব্যবস্থার রূপান্তর ঘটাতে সক্ষম হয়। সামাজিক প্রক্রিয়া হিসেবে সমাজ পরিবর্তনে শিক্ষার ভূমিকার স্বীকৃতি আমরা আমেরিকান প্রয়োগবাদী শিক্ষা-দার্শনিক জন ডিউইয়ের আলোচনাতেও লক্ষ করি। তিনি বলেন, শিক্ষা শুধু একটি ভিত্তিহীন প্রক্রিয়া নয়, এটি সামাজিক প্রক্রিয়া। প্রক্রিয়া হলো একটি আদি-অন্তহীন গতি। এই গতি নিরবচ্ছিন্ন, সদা পরিবর্তনশীল। শিক্ষা কোন কৃত্রিম গতি নয়। এটি মানবজীবনের স্বাভাবিক গতি-প্রক্রিয়া। এই প্রক্রিয়ার সাহায্যে সামাজিক পটভূমিকায় মানুষ তার জীবনকে পুনর্গঠন করে। [Bangladesh Bank (AD)- 03.02.2017]

**Ans:** In today's world, chaninges in the process of education has gained momentum on account of many reasons. Newly technological media of communication, modern methodologies, super-modern teaching tools and education enable rapid changes in each and every corner of society. Education is social process by which the social power reveals itself. In our society, this power has a sway on the state. And a major part of education system in this country is under the control of state. So education policy taken by the government enables to bring about changes in the social systems normally. Acknowledgement of the roles of education as a changing process of society is also noticed in the argumentation of American pragmatist philosopher about education. He says that education is not merely a baseless mechanism; rather it is a social process. Process is a motion that does not have any begining or end. This motion is unremitting and ever-changing. Education is not a artificial motion/drive/impetus. It is a natural mpetus of human life. With the help of this social process of education, human man reconstructs his life in society.

**09. Translate into English:**

ইংরেজি শিক্ষার প্রয়োজনীয়তা বলে শেষ করা যায় না। ইংরেজি আন্তর্জাতিক ভাষা। আমাদের দৈনন্দিন কাজগুলোতে এটি অপরিহার্য। যে কোন কাজে যোগদানের পূর্বে আমাদেরকে অবশ্যই ইংরেজি জানতে হবে। কর্মচারীরা ইংরেজি ছাড়া চলতে পারে এরূপ কম জায়গাই আছে। বর্তমানে ইংরেজির পাশাপাশি কম্পিউটার জ্ঞানও প্রয়োজন। কম্পিউটারে কাজ করতে পারলে অনেক কাজ দ্রুত হয়ে যায়।

[Bangladesh Bank (Test for IT)- 25.03.2016]

**Ans:** The necessity of learning English is beyond description. It is an international language. It is essential in our daily chores. We have to learn or acquire English before engaging ourselves in any work. There are a very few places where workers can run their work without knowing English. Besides English, at present, computer literacy is also essential. Computer expedites our works.

**10. Translate into English:**

আপনার বাড়ির পাশেই অযত্নে-অবহেলায় গাছগাছালি মাথা তুলে দাঁড়িয়ে থাকে। অনেক সময় আপনি নিজেই হয়তো শখ করে কিছু গাছ লাগান। আপনি কি জানেন, এ গাছ দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করছে? চারা গাছ লাগানো থেকে শুরু করে লালন-পালন, পরে কাঠ তৈরি, শেষ পর্যন্ত সেই কাঠ দিয়ে আসবাব তৈরির প্রতিটি পদে অর্থনীতিতে মূল্য সংযোজন হচ্ছে। এ শখের গাছই বছর শেষে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) সঙ্গে যুক্ত হয়ে অর্থনীতিকে সমৃদ্ধ করছে। জিডিপিতে গাছের অবদান কেমন এ সংক্রান্ত সমীক্ষায় দেখা গেছে, পরিবার পর্যায়ে অর্থাৎ বাড়ির আশেপাশে যে গাছ লাগানো হয়, তা থেকে অর্থনীতিতে বছরে ১২ হাজার ৩৯০ কোটি টাকার মূল্য সংযোজন হয়। বর্তমানে দেশের ২০ লাখ ৫৯ হাজার ৬০৮টি পরিবার এভাবে গাছ লাগিয়ে অর্থনীতিকে সমৃদ্ধ করছে। মূলত গাছ থেকে কাঠ, লাকড়ি ও রাবার হয়, পরে তা বিক্রি করে অর্থ উপার্জন করে এসব পরিবার। আর উৎপাদন থেকে বিক্রি পর্যন্ত যে মূল্য সংযোজন হয়, তাই জিডিপিতে অবদান রাখে। পরিবার পর্যায়ে যত গাছপালা রোপন করা হয়, এর মধ্যে শুধু বাসাবাড়ির আশেপাশেই অর্ধেকের বেশি অর্থাৎ ৫৪ শতাংশ গাছ লাগানো হয়। পরিবার পর্যায়ে বৃক্ষরোপন, পরিচর্যাসহ বিভিন্ন কাজে বিপুলসংখ্যক কর্মসংস্থানও হয়। তা দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করার জন্য সামাজিক বনায়ন ও বৃক্ষরোপন আন্দোলনে আমাদের সকলের অংশগ্রহণ একান্ত প্রয়োজন। এ বিষয়ে জনসচেতনতা তৈরির জন্য গণমাধ্যম তাদের চলমান প্রচেষ্টাকে আরও বেগবান করে অগ্রণী ভূমিকা পালন করতে পারে।

[Bangladesh Bank (AD)- 31.07.2015]

**Ans:** Trees stand raising their heads up next to your house uncared and neglected. Sometimes you plant some trees as your hobby. Do you know these trees are enriching our economy? Every steps starting from nursery of plants, their attendance, to making woods and furniture from woods adds value in the economy. In the end of the year, these trees of hobby make our economy prosperous by adding the gross domestic product. It is found in the study of how trees contribute to our economy that in the family level that means trees that are planted around our house add value to our economy worth 12 thousand and 390 crore taka. At present 20 lac 59 thousand 608 families are flourishing our economy by planting trees in this way. Basically, trees produce woods, logs, rubber and these families earn money by selling them. And values that are added from production to sale, contribute to economy. More than 50% that means 54% of the trees which are planted in the family level are planted around the house. Trees plantation, and in different tasks including acceleration of our economic development, our participation in the movement of a forestation and tree plantation is extremely desirable. To make mass awareness relating to this, the mass media can play a prominent role by expediting their continuous efforts.

**11. Translate into English:**

অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে বৈষম্য দূরীকরণও সামষ্টিক অর্থনীতির লক্ষ্য হিসেবে বিবেচিত হয়ে থাকে। উচ্চমাত্রার অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের সাথে আয়-অসমতার সম্পর্ক জোরালো নয় বলে কোন কোন সময় প্রতীয়মান হয়। শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ও অন্যান্য সামাজিক খাতে গ্রাম ও শহরের মধ্যে বিদ্যমান ব্যবধানই প্রকৃতপক্ষে এ দু'য়ের জীবনযাত্রার মানে ব্যবধান তৈরি করে দেয়। এটা সত্য যে, মাথাপিছু আয়ের কালানুক্রমিক বৃদ্ধির ফলে জনগণের জীবনযাত্রার মান পূর্বের তুলনায় অনেকখানি বেশি। এখন মনোযোগ দিতে হবে নগর ও দূরবর্তী অঞ্চলে থাকা মানুষের মধ্যে সুযোগ-সুবিধার সমতা বিধান করার দিকে। আপাতদৃষ্টিতে শহরে জীবনকে অধিক আকর্ষনীয় ও স্বস্তিদায়ক মনে হলেও গ্রামীণ এলাকার প্রকৃতিঘেষা কোলাহল ও দূষনমুক্ত পরিবেশও আমাদের ভীষণভাবে টানে। সুতরাং সময় এসেছে শহরগুলোতে যতখানি সম্ভব প্রকৃতির ছোঁয়া দেওয়া ও দূরের জনপদগুলোতে আধুনিক সুবিধা নিয়ে যাওয়া-শুধু এভাবেই আসবে কাঙ্ক্ষিত সুষম উন্নয়ন।

[Bangladesh Bank Officer (Written)- 08.05.2015]

**Ans:** The removal of discrimination along with economic growth is also considered as an objective of macroeconomics. Sometimes it seems that the relationship between income disparity and high rate economic development is not conspicuous. Actually prevailing distance in education, health

communication and other social sectors make the difference of living standard of rural and urban people. It is true that the standard of people's lifestyle is better than before before due to gradual increase of per capita income. Now attention should be paid to equalize the privileges among the peoples among the people living in town and remote areas. Noise and pollution free natural environment of rural areas attracts us greatly though urban life seems to be more attractive and peaceful. So, it is the time to give our citities the feel of nature as much as possible and spread the modern amenities to remote areas, and only in this way the expected equal development can be achieved.

**12. Translate into English:**

প্রাচীনকালে ভারতের এক অর্থশাস্ত্রবিদ ঋণ করিয়া ঘি খাইবার পরামর্শ দিয়াছিলেন। আধুনিককালের নাগরিক কিংবা পল্লী জীবনের উভয়ই কোনো না কোনোভাবে ঋণচক্রের আবর্তে ঘূর্ণায়মান। আধুনিক অর্থ ব্যবস্থার ঋণ অতি স্বাভাবিক এক অনুষঙ্গ হইয়া দাঁড়াইয়াছে। আর উহারই মূর্তিমান প্রকাশ হইল ব্যাংক ব্যবস্থা। উন্নত দেশেতো বটেই এমনকি উন্নয়নশীল দেশেও, এখন আধুনিক নানান প্রযুক্তির ব্যবহারের মধ্য দিয়া ব্যাংক হইতে ঋণ গ্রহণের সহজতর ব্যবস্থা চালু হইয়াছে। নগদ অর্থ বহনের পরিবর্তে ক্রেডিট কার্ডের সাহায্যে প্লাস্টিক মানির ব্যবহারের চল বৃদ্ধি পাইতেছে। মনুষ্য সমাজে ধার-কর্জ করিবার প্রবণতা সেই প্রাচীনকালেও প্রচলিত ছিল। আর উহারই ধারাবাহিকতায় নানান পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে সমাজে কতরকমের যে ঋণ ব্যবস্থা চালু হইতে দেখা গিয়াছে তাহার ইয়ত্তা নাই। পল্লী সমাজে দাদন প্রথা, মহাজনী সুদ প্রথা, এক সময়ের কাবুলীওয়ালাদের সুদিকারবার ইত্যাকার নানান ধরনের ঋণ ব্যবস্থা বৃটিশ আমলে এবং উহার আগে এবং পরেও আমাদের সমাজে চালু থাকিতে দেখা গিয়াছে। মানুষ তাহার জীবনের মান উন্নয়নের প্রয়োজনে এবং হতদরিদ্ররা জীবিকা নির্বাহের বা নিছক কোনো ক্রমে বাঁচিয়া থাকিবার জন্যই ঋণ গ্রহণে আগ্রহী এবং বাধ্য হয়। আধুনিক অর্থ ব্যবস্থাপনায় ব্যাংকগুলি ঋণ প্রদানের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসাবে গড়িয়া ওঠায় মানুষ উহাদের দ্বারস্থ হইতেছে। [Bangladesh Bank (AD)-28.05.2014]

**Ans:** In ancient time, an Indian economist advised to consume butter (ghee) on credit. In these days, both urban and rural people are in cycle of credit trap. In modern economic system, credit is a very common phenomenon. And its clear manifestation is the banking system. Now, convenient loan taking system has started using different modern technologies not only in developed countries but also in developing countries. Instead of cash, use of plastic money through credit cards is gaining momentum. Borrowing tendency was in vogue even in ancient human society. In accordance with that/consequently, through numerous trials and errors/ experiments, various credit systems were used. During British period and before and after the British period, Dadan system, landlord's interest system, prevailing interest system of Kabuliwala etc were prevailed in rural society and they have also been observed in our society . Man has to.make loan for the necessity to improve the life standard and the poor are eager and compelled to take loan to earn the livelihood or even only to survive. Since banks have been developed as reliable institution for getting loan in modern economic system, people are being dependent on banks.

**13. Translate into English:**

সুন্দরবন সংলগ্ন জেলাগুলোর জলজ ঝোঁপঝাড় বহুল বিল-ঝিল, হাওরসহ যে কোন জলাশয়ে দেখা যেতে পারে এই পাখিটি। ফকিরহাট, বাগেরহাট, চিলমারীসহ বাগেরহাট সদর উপজেলার জোড়া উত্তরের হাওরের আথঘাস, বন-নলখাগরা, হোগলা, কেনি-হোগলা, হাজিবনসহ অন্যান্য জলজ ঝোপঝাড়ে তাদের দেখা যায়। দেখা মেলে দেশের অন্যান্য অঞ্চলের হাওরেও। খোদ সুন্দরবনেও দেখা মিলবে। মোহনা-হ্রদের পারের ঝোপঝারেও এরা গেরিলা কৌশলে ঘুরে বেড়ায়। অতিসাবধানি, চতুর, ভীতু, ও অতি চঞ্চল এক পাখি। বিপদ বা মানুষের উপস্থিতি টের পেলেই নলখাগড়াসহ অন্যান্য বনের ভেতরে ঘাপটি মেরে থাকবে। ডাকবে ভোরে অথবা সকালে, পাঁচ-সাতটি পাখি মিলে কিচির কিচ জাতীয় শব্দে ডাকবে। অন্য সময় চুপচাপ। শীতে রোদ পোহাবে। দুপুরে দোয়েল পাখির মত অল্প জলে বুক-পেট ডুবিয়ে ডানা ঝাপটে গোসল করবে। খাবার নিয়ে প্রয়োজনে স্বজাতির সঙ্গে লড়াই করবে।
মূল খাদ্য এদের কুচো চিংড়ি, জল-কাদা-শেওলা এবং পঁচা জলজ পাতার স্তুপে জন্ম নেওয়া ল্যাদা পোকা ও নলনাটা বনের ভেতরের ডানাওয়ালা এক ধরনের ছোট পোকা। ওরা রাতে আশ্রয় নেয় নলখাগরা-আথঘাসের মাঝামাঝি স্থানে, মাটিতে নয়। বাসা করে বর্ষাকালে। বাসা করে মাটির ওপরে- আথঘাসের পাতা ও অন্যান্য পাতা দিয়ে। ঝোপঝাড়, ঘাসবন, এমনকি ধানবনেও বাস করে। ডিম দেয় ছয় থেকে আটটি। দু জনে তা দেয়। ডিম ফোটে ২০ থেকে ২৪ দিনে। পাখিটির নাম লালখেনি। [Bangladesh Bank (AD)- 28.06.2012]

**Ans:** This bird can be seen in the hedge-grown bills, jhills, haors or any watery places of the districts adjoining the Sundarbans. They are visible in ath-grass, forest-weeds, hogla, kani-hogla, hazibon and other watery bushes of Fakirhat, Bagerhat, Chilamari including northern of Sadar Upazila of Bagerhat. They are also found in the different regional haors of the country. They are also found in the heart of the Sundarbans. They move furtively in the bushes around Mohona Lake. They are very precautious, clever, timid and brisk by nature. When they feel the presence of human or any danger, they hide themselves in the weeds or other bushes. They charp in the morning and charp in group usually consisting of five or seven birds, making a sound of 'Kichir Kich'. Other times of the day, they keep silent. They take sunbathe in winter. At midday, like doels, they bathe in shallow water drowning abdomen and chest and flapping wings. They fight for food even with their own race if necessary.
Their main food is tiny prawns, insects born in the pile of rotten leaves and a small type of insects with wings of Nalnata forest. At night they take shelter in the midst of reed and grass, not in the earth. They nest during moonsoon. They nest over the soil using leaf of grass and others and some other lakes in hedge and grass land, and even in paddy field. They lay off 6 to 8 eggs each time. Both of them incubate them. It takes 20 to 24 days to hatch out the eggs.The name of this bird is Lalkheni.

**14. Translate into English:**

সরকারের উন্নয়ন কর্মকান্ডে বিদেশি ঋণের ওপর নির্ভরতা কমিয়ে শেয়ার বাজারকে কাজে লাগানোর সুযোগ তৈরি হয়েছে। পুঁজিবাজারে জমে ওঠা মূলধন থেকে অর্থ সংগ্রহ করে জ্বালানি, বিদ্যুৎ, রেল সেতুসহ বড় অবকাঠামো প্রকল্পগুলোতে বিনিয়োগ করা সম্ভব। অবকাঠামো খাতের বড় প্রকল্পগুলোকে শেয়াবাজারে তালিকাভুক্ত করে এ সময়ে কমপক্ষে ৩০ হাজার কোটি টাকা সংগ্রহ করা সম্ভব বলে সংশ্লিষ্টরা মনে করেন। পুঁজিবাবাজার দেশের অর্থনীতির মূলধারা থেকে বিচ্ছিন্ন কোন জায়গা নয়। অর্থনীতি ভালো অবস্থায় থাকলে শেয়ার বাজারেও এর প্রতিফলন ঘটবে। [Bangladesh Bank (AD)- 22.07.2011]

**Ans:** The opportunity of utilizing share market has been created with a view to reducing the dependency of the development programmes of the government on foreign loan. It is possible to invest in large infrastructural projects including fuel, electricity, railway and bridge by collecting money from the accumulated capital in the capital market. The concerned people think that at present it is possible to collect at least BDT 30,000 crore by enlisting large project of infrastructural sector in the share market. Capital Market is not a place isolated from the mainstream economy of the country. If the economy is in good condition, it will also be reflected in the share market.

**15. Translate into English:**

রাজধানীতে যানজটের কারণে বার্ষিক ক্ষতি হয় প্রায় ২০,০০০ হাজার কোটি টাকা। এ ক্ষতি জাতীয় বাজেটের প্রায় দুই-তৃতীয়াংশ। যানজট দেড় কোটি নগরবাসীর দৈনিক কর্মঘন্টা থেকে ৮০ লাখ ঘন্টা নষ্ট করছে। এটি এখন একটি জাতীয় সমস্যায় পরিণত হয়েছে। ২০৩০ সাল নাগাদ ঢাকা শহরের জনসংখ্যা ২ কোটি ছাড়িয়ে যাবে। এ বিষয়টি মাথায় রেখে সরকারকে ট্রাফিক গড়ে তুলতে হবে। সরকার ইতোমধ্যে ৩২ কিলোমিটার এলিভেটেট এক্সপ্রেস ওয়ে ও ভূ-গর্ভস্থ রেললাইন নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে। রাজধানীর পাঁচটি সংযোগস্থলে ফ্লাইওভার নির্মাণের কাজও প্রক্রিয়াধীন। যানজট নিরসনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয় ও সিটি কর্পোরেশনের মধ্যে সমন্বয় আবশ্যক। গণপরিবহণ ব্যবস্থার উন্নয়ন ও প্রশাসনিক বিকেন্দ্রীকরণের বিষয় মাথায় রাখা প্রয়োজন। [Bangladesh Bank (AD)- 24.09.2010]

**Ans:** Due to traffic jam in the capital, annual loss is around/almost twenty thousand crore taka. This loss is almost two-thirds of the national budget. Traffic jam is killing eighty lacs hours from the daily working hours of one and half crore city dwellers. Now it has turned into a national problem. The population of Dhaka City will exceed two crores by 2030. Considering this issue, the government should build up a traffic system. In the mean time, government has decided to build thirty-two-kilometer elevated expressway and an underground rail line/subway. Construction of flyover at the five junctions/ intersections of the capital is also under process/underway. In order to remove/overcome traffic jam, an coordination between the Home Ministry, Transport Ministry and City Corporation is a must. Development of public transportation system and decentralization of administration should also be taken into account.

**16. Translate into English:**

বর্তমান বিশ্বমন্দা তারল্যঘটিত হলেও এটি আর্থিক প্রতিষ্ঠানগুলোর সচ্ছলতার সাথে সম্পর্কিতও বটে। বর্তমান আর্থিক প্রতিষ্ঠানগুলো তাদের হিসাবের খাতা এখানে অতিরিক্ত দায় থেকে মুক্ত করতে পারেনি। এর কারণ হলো, ব্যাংকগুলোর এই সমস্যা পুরো সমাজে ছড়িয়ে পড়েছে। সাধারণ মানুষের মতো সরকারও এ রকম সাধ্যের অতিরিক্ত দায়ভারাক্রান্ত। এইসব ব্যাংকগুলোর ঋণ দেয়ার কর্মক্ষমতা, সাধারণ জনগণের ব্যয় করার ক্ষমতা ও কোম্পানিগুলোর বিনিয়োগের ক্ষমতা সীমিত করে রাখছে। স্বস্তির বিষয় হলো, বিশ্ব অর্থনীতি তলানি থেকে চলতি বছরের মাঝামাঝি সময়েই ঘুরে দাঁড়িয়েছে। উন্নত অর্থনৈতিক শক্তিগুলো, যেমন- মার্কিন যুক্তরাষ্ট্র, ইংল্যান্ড, স্পেন, ইতালি এবং অন্য ইউরোপিয়ান শক্তিগুলো এবং কিছু ইউরোপীয় উঠতি অর্থনৈতিক শক্তিগুলো এখনো বছরের প্রথমার্ধের মিশ্র ফলাফলের কারণে মন্দা থেকে উঠে আসার ঘোষণা দেয়নি। তবে পরিসংখ্যান বলছে, অর্থনীতির প্রধান স্তম্ভগুলো যেমন: চীন, ভারত, ব্রাজিল, এশিয়ার অন্যান্য দেশ এবং ল্যাটিন আমেরিকা মন্দা থেকে ধীরে ধীরে উঠে আসছে। এ ধীরগতির প্রবৃদ্ধির পেছনে অনেক যুক্তি রয়েছে। বেকারত্বের প্রবৃদ্ধির পেছনে অনেক যুক্তি রয়েছে। বেকারত্বের হার মার্কিন যুক্তরাষ্ট্রসহ অন্যান্য দেশে হু হু করে বাড়ছে। ২০১০ সালের মধ্যে উন্নত বিশ্বগুলোতে এই হার ১০ শতাংশে গিয়ে দাঁড়াবে। এটি বাজারে চাহিদা তৈরির ক্ষেত্রে এবং ব্যাংকগুলোর ঘুরে দাঁড়ানোয় প্রতিবন্ধকতা হিসেবে কাজ করবে। পাশাপাশি এটি দীর্ঘ মেয়াদে শ্রম উৎপাদন শক্তিতেও প্রভাব ফেলবে। [Bangladesh Bank (AD)- 30.10.2009]

**Ans:** Although the present golbal recession is caused by liquidity crisis, this crisis is also related to the economic capability of the financial institutions. Existing financial institutions are yet to rescue their accounts from the excessive debts because this crisis of the banks has spread throughout the society. Like the commoners, the government is also heavily indebted. These things are limiting the working power of disbursing bank loans, the buying power of common people and the investment power of companies. It is a matter of hope that the global economy has returned to its previous position from the abyss/chasm in the mid of current year. The advanced economic forces of the world like USA, England, Spain, Italy, other European nations and some emerging/budding/evolving economic forces have not yet declared themselves in recovering their economics from the financial meltdown for the mixed effects/ results of the world economy at the beginning of the year. But the statics shows that the main pillars of the world economy such as Australia, Germany, France, and Japan and most of the emerging economics like China, India, Brazil, other nations of the Asia and Latin America are rescuing their economy slowly from the global economic recession. There are many reasons behind this slowdown financial progress. The unemployment rate is rapidly increasing in the USA and also in other countries. This rate will reach at 10% in the developed countries by 2010. This will become an obstacle to the economic recovery of the banks and to creating market demand. At the same time, it will have an affect on the labour production in the long run.

**17. Translate into English:** [Bangladesh Bank (AD)- 18.06.2004]

- সততা মানুষের একটি মৌলিক গুণ।
- ভ্রমণে মানুষের চিত্ত বিকশিত হয়।
- সঞ্চয় বিনিয়োগের পূর্ব শর্ত।
- সফলতার জন্য পরিশ্রম ও ধৈর্যের বিকল্প নেই।
- নারীর ক্ষমতায়ন আমাদের জাতীয় লক্ষ্য।

**Ans:**

- Honesty is a fundamental virtue of human being.
- Travelling expands human mind.
- Savings is the prerequisites of investment.
- Industry and patience have no substitute for success.
- Woman empowerment is our national goal.

**18. Translate Bangla to English:** [Bangladesh Bank (AD)- 1996]

- এই যাত্রা অন্ধকার থেকে আলোর দিকে
  =This journy/voyage is from darkness to light
- শিক্ষার হার বাড়লেও মান কিন্তু বাড়ছে না
  =Although the rate of literacy has increased, the quality of education has not.
- সারা বিশ্বে এখন উন্নয়ন বিষয়ে বিতর্ক চলছে
  =Debate on development is going *on all around the world / all over the world.*
- এক সময়ে মনে করা হতো সমাজতন্ত্রের পথেই উন্নতি আসবে।
  =Once it was thought that progress/development would come through socialism.
- এখন অনেকেই মুক্তবাজার অর্থনীতিকে উন্নতির সোপান মনে করেন।
  =Now many of the people consider free market economy the stair/step of progress.
- তার সফলতার মূলে ছিল উপযুক্ত প্রশিক্ষণ ও কঠোর পরিশ্রম।
  =Proper training and hard work were at the root of his success.
- শিক্ষার প্রসার ব্যতীত দারিদ্র্য বিমোচন সম্ভব নয়।
  =Poverty alleviation is impossible without the spread of education.
- আমরা কি সুশাসন ও জবাবদিহিতা বিশ্বাসী?
  =Do we believe in good governance and accountability?
- মানবিক উন্নয়নের জন্য মুক্তবাজার অর্থনীতিই যথেষ্ট নয়।
  =Only the free market economy is not enough for human development.
- আমাদের কথার চেয়ে কাজ বেশি মনোযোগী হতে হবে।
  =We have to be more attentive on work than words.

**18. Translate into English:**

১৯৫২ সালের রাষ্ট্রভাষা আন্দোলনই মূলত বাংলাদেশে ভাষা আন্দোলন নামে বেশি পরিচিত। অবশ্য ১৯৪৮ থেকে ১৯৫২ সময়টিই ভাষা আন্দোলনের জন্য বিশেষ গুরুত্বপূর্ণ। তবে এ দেশের ভাষা বিতর্কের একটি দীর্ঘ ইতিহাস রয়েছে। ভাষা আন্দোলনকে নৈর্ব্যক্তিকভাবে দেখা কষ্টকর। বাঙালি জাতির উত্থানের বেদনা ও সাফল্য এর সঙ্গে জড়িত। তবুও যতটা সম্ভব নিরপেক্ষ, তথ্যভিত্তিক ও আবেগ বিবর্জিত গবেষণার ভিত্তিতে এর শিকড় সন্ধান বাঞ্ছনীয়। তবে এ কাজটি বেশ পরিশ্রমসাধ্য। [Bangladesh Bank (AD)- 1990]

**Ans:** The state language movement in 1952 is mainly known as the language movement in Bangladesh. In fact, the period from 1948 to 1952 is especially significant for the movement. However, there is a long history about the language debate in this country. It is hard to see the language movement as objectively. The agony and success of the rise of Bengali nation is involved with this. Above this, to search its roots is imperative with the research based not on emotion, rather information and neutrality as much as possible. But this work is very laborious.

**19. Translate into English:**

বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার এখনও সঙ্কটজনক। বিপুল জনসংখ্যার চাপ এ মানুষকে যেমন দরিদ্র থেকে দরিদ্রতর করেছে তেমনি দারিদ্র্যও জনসংখ্যা বৃদ্ধিতে সহায়তা করেছে। শিশুমৃত্যুর ব্যাপক হার, বেকারত্ব এই পরিস্থিতিকে আরো বিষিয়ে তুলেছে। ধনী দেশগুলোর তুলনায় যেমন গরিব দেশে জন্মহার বেশি তেমনি ধনী পরিবারে চেয়ে গরিব পরিবারে সন্তান জন্ম দেয়ার হার বেশি।

সরকারিভাবে জনসংখ্যা বৃদ্ধিকে এক নম্বর সমস্যা হিসেবে চিহ্নিত করা হয়েছে। অর্থ ব্যয়, ব্যাপক পরিকল্পনা, জনশক্তির ব্যবহার বৃদ্ধি করা সত্ত্বেও জন্ম নিয়ন্ত্রণে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে না। ১৯৮১ সালে চূড়ান্ত জনসংখ্যা জরিপে সে ব্যর্থতা স্পষ্ট। [Bangladesh Bank (AD)- 1988]

**Ans:** The rate of population growth in Bangladesh is alarming even today. The pressure of huge population made the people from poor to poorer. At the same way, poverty is also helping in the population growth. Extensive rate of infant mortality and unemployment is making the situation more embittered. The birth rate in poor countries is higher than that of the rich countries. Similarly poor families give birth more children than the rich families. Population growth has been identified as number one problem by the government. Despite expendeture, extensive planning, increasing the use of mass power, the target to birth control is not being achieved. This failure is conspicuous in the final population survey in 1981.

**20. Translate into English:**

বাংলাদেশ একটি নদীবহুল দেশ। এ দেশের প্রধান নদীগুলো হলো পদ্মা, মেঘনা ও যমুনা। এ ছাড়াও রয়েছে ব্রহ্মপুত্র, শীতলক্ষ্যা ও ধলেশ্বরী ইত্যাদি। ব্রহ্মপুত্র হিমালয় হতে যাত্রা শুরু করে বঙ্গোপসাগরে পড়েছে। তবে বর্ষাকালে এটা বিশাল আকার ধারণ করে। তখন কে বলবে শুষ্ক মৌসুমে অনায়াসে এটা পার হওয়া যায়।

বাংলাদেশে কৃষিকার্য বহুলাংসে এইসব নদীর ওপর নির্ভরশীল। এছাড়াও যোগাযোগের ক্ষেত্রে এই নদীগুলোর যথেষ্ট ব্যবহার করা হয়ে থাকে। অভ্যন্তরীণ নৌ যোগাযোগ বাংলাদেশের একটি অন্যতম যোগাযোগ ব্যবস্থা। প্রতি বছর হাজার হাজার মানুষ জলযানযোগে দেশের একস্থান হতে অন্যস্থানে যাতায়াত করে থাকে। [Bangladesh Bank (AD)- 1986]

**Ans:** Bangladesh is a riverine country. The main rivers of the country are the Padma, the Meghna and the Jumana. Besides, there are some other rivers like the Brahmaputra, the Shitalaxa and the Dholeshawri. The Brahmaputra started from the Himalayas and ended at the Bay of Bengal. However, it becomes so gigantic during the rainy season that no one can believe that it is crossed easily during dry season.

The agriculture of Bangladesh is mostly reliant on these rivers. Moreover, these rivers are extensively used for the purpose of communication. Internal naval communication is notable communica-tion system in Bangladesh. Every year thousands of people travel from one part of the country to another part by water vessel.

| Students' Work | Writing Vocab |
|---|---|

## Natural Calamities Related Words & Phrases

| No | Word/ Collocation | Bangla Meaning |
|---|---|---|
| 1 | A terrestrial globe | ভূ-গোলক |
| 2 | Abrupt climate change | দ্রুত জলবায়ু পরিবর্তন |
| 3 | Abundant greenhouse gas | প্রচুর গ্রিনহাউজ গ্যাস |
| 4 | Adaptation | খাপ খাওয়ানো |
| 5 | Adverse effect | বিরূপ প্রভাব |
| 6 | Adverse impact | বিরূপ প্রভাব |
| 7 | Afforestation | বনায়ন |
| 8 | Altitude | সমুদ্রপৃষ্ঠ থেকে উচ্চতা |
| 9 | Anthropogenic emissions | নৃতাত্ত্বিক নির্গমন |
| 10 | Anthropogenic | নৃতাত্ত্বিক |
| 11 | Atmosphere | বায়ুমণ্ডল |
| 12 | Atmospheric degradation | বায়ুমণ্ডলীয় অবনতি/অবক্ষয় |
| 13 | Below ground | ভূগর্ভ, মাটির নিচ |
| 14 | Bio-diversity | জীববৈচিত্র্য |
| 15 | Biosphere | জীবমণ্ডল, প্রাণীমণ্ডল |
| 16 | Calamity | দুর্যোগ |
| 17 | Catastrophic collapse | বিপর্যয়কারী পতন |
| 18 | Climate change | জলবায়ু পরিবর্তন |
| 19 | Climate policy | জলবায়ু নীতি |
| 20 | Climate scientist | জলবায়ু বিজ্ঞানী |
| 21 | Climate solutions fund | জলবায়ু সমাধান তহবিল |
| 22 | Climate related events | জলবায়ু সম্পর্কিত গুরুত্বপূর্ণ ঘটনা |
| 23 | Clime | দেশ; ভূখন্ড |
| 24 | Cloudburst | বৃষ্টি |
| 25 | Cobblestone | খোয়া |
| 26 | Combustion | দহন, দাহ |
| 27 | Creek | ছোট নদী |
| 28 | Cyclone | ঘূর্ণিঝড় |
| 29 | Deforestation | বৃক্ষনিধন |
| 30 | Deluge | মহাপ্লাবন; জলোচ্ছ্বাস |
| 31 | Disaster | দুর্যোগ |
| 32 | Diversity | বহুমুখিতা; বৈচিত্র্য |
| 33 | Downhill | ক্রম নিম্ন; ঢালু, ঢালু জমি |
| 34 | Drizzle | গুঁড়ি গুঁড়ি বা খুব হালকাভাবে বৃষ্টি হওয়া |
| 35 | Drought | অনাবৃষ্টি; খরা |
| 36 | Durable policy framework | টেকসই নীতির নির্মাণ কাঠামো |
| 37 | Earthly | পার্থিব/জাগতিক |
| 38 | Earthquake | ভূমিকম্প |
| 39 | Ecosystem | বাস্তুসংস্থান |
| 40 | Emission of carbon | কার্বন নিঃসরণ |
| 41 | Energgy efficiency | জ্বালানি দক্ষতা/ কার্যকারিতা |

| No | Word/ Collocation | Bangla Meaning |
|---|---|---|
| 42 | Flood | বন্যা |
| 43 | Flow-tide/ flood tide | ভরা জোয়ার |
| 44 | Flurry | আকস্মিক ও ক্ষণস্থায়ী বায়ুবেগ; দমকা বৃষ্টিপাত বা তুষারপাত |
| 45 | Forest | বনাঞ্চল |
| 46 | Forest ranger | জীবাশ্ম জ্বালানি |
| 47 | Fossil fuel | বৈশ্বিক জ্বালানি |
| 48 | Global average temperature | বৈশ্বিক গড় তাপমাত্রা |
| 49 | Global awareness | বৈশ্বিক সচেতনতা |
| 50 | Global momentum | বৈশ্বিক গতিবেগ/গতিশক্তি |
| 51 | Global response | বৈশ্বিক সাড়া/জবাব |
| 52 | Global temperature | বৈশ্বিক তাপমাত্রা |
| 53 | Global warming | বৈশ্বিক উষ্ণায়ন; বৈশ্বিক উষ্ণতা |
| 54 | Government's action | সরকারের পদক্ষেপ |
| 55 | Grapple with | (সমস্যা ইত্যাদি) সমাধানের চেষ্টা করা |
| 56 | Gravel | কাঁকর; নুড়ি |
| 57 | Greenhouse effect | গ্রিন হাউজ ইফেক্ট/প্রক্রিয়া |
| 58 | Greenhouse gases | গ্রিন হাউজ গ্যাস |
| 59 | Ground surface | ভূপৃষ্ঠের উপরিভাগ |
| 60 | Ground swell | সমুদ্র তরঙ্গ |
| 61 | Gulf stream | উপসাগরীয় জলপ্রবাহ/জলস্রোত |
| 62 | Hail | শিলাবৃষ্টি |
| 63 | Heavy rainfall | ভারী বৃষ্টি |
| 64 | Height of sea level | সমুদ্রপৃষ্ঠের উচ্চতা |
| 65 | Humidity | শৈত্য |
| 66 | Industrial revolution | শিল্পবিপ্লব |
| 67 | Intergovernmental Panel of Climate Change (IPCC) | জলবায়ুবিষয়ক আন্তঃ রাষ্ট্রীয় পরিষদ |
| 68 | Inundate | প্লাবিত করা |
| 69 | Land degradation | ভূমি ক্ষয়/পতন |
| 70 | Landfill | ভূমি ভরাট |
| 71 | Landslide | ভূমি ধ্বংস/ধস |
| 72 | Latitude | অক্ষাংশ |
| 73 | Long-term motion | দীর্ঘমেয়াদি গতিশীলতা |
| 74 | Low/ebb tide | ভাটা |
| 75 | Mass involvement | জনসম্পৃক্ততা |
| 76 | Metal | ধাতু |
| 77 | Metamorphosis | রূপান্তর; আকৃতির পরিবর্তন |
| 78 | Meteorologic conditions | আবহাওয়া পরিস্থিতি |
| 79 | Meteorological character | আবহাওয়াবিষয়ক বৈশিষ্ট্য |
| 80 | Methane | মিথেন |
| 81 | Methodology | নিয়মবিষয়ক বিজ্ঞান বা বিদ্যা |
| 82 | Mitigation | কমানো/প্রশমন |
| 83 | Mist | কুয়াশা |
| 84 | Monsoon | মৌসুমি বায়ু; বর্ষাকাল |
| 85 | Mud | নরম ভেজা মাটি; কর্দমাক্ত মাটি |
| 86 | Mudslides | মাটিধ্বংস |
| 87 | Multiple stages | বিভিন্ন পর্যায় |
| 88 | Mundane | জাগতিক; পার্থিব |
| 89 | National strategic plan | জাতীয় কৌশলগত পরিকল্পনা |

| No | Word/ Collocation | Bangla Meaning |
|---|---|---|
| 90 | Nap tide/ebb-tide | মরা কটাল |
| 91 | Oceanographer | মহাসমুদ্রবিদ |
| 92 | Ozone layer | ওজোন স্তর |
| 93 | Parched ground | শুষ্ক ভূমি |
| 94 | Potential future risks | সম্ভাব্য ভবিষ্যৎ ঝুঁকি |
| 95 | Precaution | সতর্কতামূলক ব্যবস্থা; আগাম হুঁশিয়ারি |
| 96 | Precipitation | বৃষ্টিপাত; তুষারপাত |
| 97 | Promontory | উপকূল রেখা থেকে অগ্রবর্তী উচ্চভূমি |
| 98 | Public awareness | গণ-সচেতনতা/জনসচেতনা |
| 99 | Raindrop | বৃষ্টিবিন্দু |
| 100 | Rainfall | বৃষ্টিপাত |
| 101 | Rainstorm | বৃষ্টিঝড় |
| 102 | Rapid climate change | দ্রুত জলবায়ু পরিবর্তন |
| 103 | Reef | শৈলশ্রেণি |
| 104 | Relative humidity | আপেক্ষিত আর্দ্রতা |
| 105 | Resilience | স্থিতিস্থাপকতা |
| 106 | Respiration | শ্বসন |
| 107 | Rock | শিলাখণ্ড |
| 108 | Rubble | পাথরকুঁচি |
| 109 | Safeguard | সুরক্ষা করা |
| 110 | Salt water | লবণাক্ত পানি |
| 111 | Sea level rise | সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি |
| 112 | Sheets | মুষলধারা |
| 113 | Shower | পশলা বৃষ্টি |
| 114 | Slag | ধাতুমল |
| 115 | Sleet | বৃষ্টিসহ তুষারপাত |

| No | Word/ Collocation | Bangla Meaning |
|---|---|---|
| 116 | Soil particles | মৃত্তিকা/মাটি কণিকা |
| 117 | Spate | নদীর জলস্ফীতি; বন্যা |
| 118 | Spherical | গোলাকার; গোলক সংক্রান্ত |
| 119 | Spring tide | তেজ কটাল |
| 120 | Stakeholder of climate change | জলবায়ু পরিবর্তনে অংশীদার |
| 121 | Stream | জলপ্রবাহ; জলস্রোত |
| 122 | Sublunary | পার্থিব; ইহলৌকিক |
| 123 | Subtainable land management | টেকসই ভূমি ব্যবস্থাপনা |
| 124 | Tackle climate change | জলবায়ু পরিবর্তন মোকাবিলা করা |
| 125 | Temperature | তাপমাত্রা |
| 126 | The elements | প্রকৃতির শক্তিসমূহ যেমন-ঝড়, বায়ু ইত্যাদি |
| 127 | Thunderstorm | বজ্রপাত |
| 128 | Torrent | প্রবল জলধারা; মুষলধারা |
| 129 | Trans-boundary river | আন্তঃ সীমান্ত/অভিন্ন নদী |
| 130 | Tree plantation | বৃক্ষরোপণ |
| 131 | Topic of cancer | কর্কটক্রান্তি |
| 132 | Topic of Capricorn | মকরক্রান্তি |
| 133 | Ultra violate ray | অতি বেগুনি রশ্মি |
| 134 | Velocity | গতি হার; বেগ |
| 135 | Viable | টেকসই |
| 136 | Vulnerability | ঝুঁকি |
| 137 | Vulnerable | আতঙ্কগ্রস্ত/ঝুঁকিপূর্ণ |
| 138 | Water vapor | জলীয় বাষ্প |
| 139 | Weather and climate | আবহাওয়া ও জলবায়ু |
| 140 | Weather conditions | আবহাওয়া অবস্থা |
| 141 | Wood land | বনভূমি |

# Lecture 04

# Art of Translation (Bengali to English) Part- 02

## Teacher's Work

**01. Translate into English:**

বাংলাদেশে পারচেজিং ম্যানেজারস ইনডেক্স (পিএমআই) নামে অর্থনীতির গতিশীলতা নির্ণয়ে নতুন একটি সূচক চালু হতে যাচ্ছে। এ সূচকের মাধ্যমে বোঝা যাবে, দেশের অর্থনীতি কতটা গতিশীল আছে। ফলে এ সূচকের অবস্থা দেখে ব্যবসায়ী, বিনিয়োগকারী ও নীতিনির্ধারকদের ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ সহজ হবে। কৃষি, নির্মাণ, উৎপাদন ও পরিষেবা এই চারখাতের ৫০০ টির বেশি বেসরকারি প্রতিষ্ঠানের নির্বাহীদের মতামতের ভিত্তিতে পিএমআই সূচক প্রকাশ করা হবে। পিএমআই সূচকটি শূন্য থেকে ১০০ নম্বরের মধ্যে পরিমাপ করা হবে। আগের মাসের তুলনায় স্কোর ৫০ এর বেশি হলে অর্থনীতির সম্প্রসারণ এবং স্কোর ৫০ এর নিচে হলে সংকোচন বোঝাবে। আর স্কোর ৫০ থাকলে বুঝতে হবে সংশ্লিষ্ট খাতে ওই মাসে কোনো পরিবর্তন হয়নি।

[Global Islami Bank PLC (Probationary Officer)-10.02.2024]

**02. Translate into English:**

চলতি বছরের আগস্টে জনশক্তি রপ্তানিতে বড় ধরনের বৃদ্ধি দেখছে বাংলাদেশ। ১৯৭৬ সালে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ থেকে বিদেশে শ্রমিক রপ্তানি শুরু হওয়ার পর আগস্টে (চলতি বছর) একমাসে সর্বোচ্চ ১,৩৮,৬৭৫ জন শ্রমিক বিদেশ পাড়ি দিয়েছেন। সাম্প্রতিক মাসগুলোতে রেমিট্যান্স প্রবাহ কমে যাওয়ার উদ্বেগের মধ্যে জনশক্তি রপ্তানিতে এই বৃদ্ধি দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়াতে ভূমিকা রাখবে বলে মনে হচ্ছে। মালয়েশিয়ায় বাংলাদেশি কর্মীদের জন্য পূর্ব-নির্ধারিত কোটার কারণে জনশক্তি রপ্তানিতে এই বৃদ্ধি হয়েছে। গেল আগস্ট মাসে দেশটিতে ৪৬,১০৫ জন বাংলাদেশি কর্মী নিয়োগ পেয়েছেন।

[First Security Islami Bank (PO)-23.09.2023]

**03. Translate into English:**

ঝুঁকি ব্যবস্থাপনা ব্যাংকের জন্য অত্যন্ত প্রয়োজনীয় একটি বিষয়। ব্যাংক সাধারণত জনগণের আমানত এবং সঞ্চয় রক্ষা করে। ব্যাংক একটি সুনির্দিষ্ট নীতিকাঠামোর আওতায় ঝুঁকি ব্যবস্থাপনা করে। আমানতকারীর স্বার্থ সংরক্ষণের জন্য এটা জরুরী। মন্দার সময়ে ঝুঁকি ব্যবস্থাপনার